
Live™ MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

New & Enlarged Edition With Job Solution

# English Wizard
## Grammar

A Complete & Exclusive
Solution for
English Language & Grammar




***Saleh Ahmed***
35th BCS (General Education Cadre)
and Live MCQ™ English Wizard Mentor

Live Publications™

# Table of Contents


| Unit/Lesson | Content | Page |
|---|---|---|
| | বিসিএস পরীক্ষার্থীদের ভুলের ডায়ারি ও কর্ম পরিকল্পনা | i-viii |
| | **Unit A : Parts of Speech** | **1-262** |
| **Lesson 1.1** | An Insight into Parts of Speech | 1 |
| **Lesson 1.2** | Parts of Speech : সংজ্ঞা ও শ্রেণিবিভাগ | 4 |
| **Lesson 1.3** | Confusion Hunter for Parts of Speech | 6 |
| **Lesson 1.4** | Parts of Speech সনাক্ত করার আরো কিছু নিয়ম | 9 |
| **Lesson 1.5** | Salt of English/Most Important Words & Their Category as Parts of Speech | 24 |
| **Lesson 1.6** | Same Words Used as Different Parts of Speech<br>(Usage of Words as Various Parts of Speech) | 43 |
| **Lesson 1.7** | Classification of Noun | 63 |
| **Lesson 1.8** | Classification of Pronoun | 72 |
| **Lesson 1.9(a)** | Classification of Adjective | 80 |
| **Lesson 1.9(b)** | Adjective এর Degree | 83 |
| **Lesson 1.10** | Classification of Verbs | 89 |
| **Lesson 1.11** | Classification of Adverbs | 95 |
| **Lesson 1.12** | Classification of Preposition | 97 |
| **Lesson 1.13** | Classification of Conjunction | 98 |
| **Lesson 2.1** | Determiners | 103 |
| **Lesson 2.2** | Article | 109 |
| **Lesson 3** | Gender (লিঙ্গ) | 129 |
| **Lesson 4** | Number (বচন) | 135 |
| **Lesson 5** | Non-finite Verb বা অসমাপিকা ক্রিয়া | 145 |
| **Lesson 5.1** | Infinitive | 145 |
| **Lesson 5.2** | Participle | 147 |
| **Lesson 5.3** | Gerund এর ব্যবহার | 149 |
| **Lesson 5.4** | Verb+ing : Gerund/Present Participle | 150 |
| **Lesson 6** | Linking Verb | 157 |
| **Lesson 7** | Modal Auxiliary Verbs | 160 |
| **Lesson 7.1** | Modal Auxiliary Verbs এর শাব্দিক অর্থ | 160 |
| **Lesson 7.2** | Mode অনুযায়ী Modal Auxiliary Verbs | 162 |
| **Lesson 7.3** | Modal Auxiliary Verb এর কিছু Rules | 164 |
| **Lesson 8** | Preposition | 168 |
| **Lesson 8.1** | Preposition গুলোর ২/৪টি বেশি ব্যবহৃত অর্থ | 168 |
| **Lesson 8.2** | সমার্থক, বিপরীতার্থক, সমোচ্চারিত ভিন্নার্থক, সূক্ষ্ম পার্থক্য বিদ্যমান এ রকম Preposition সমূহ | 170 |
| **Lesson 8.3** | সচরাচর ব্যবহৃত Preposition + Noun | 174 |
| **Lesson 8.4** | Appropriate Prepositions | 180 |

| | | |
|---|---|---|
| **Lesson 8.4(a)** | Preposition অনুযায়ী Appropriate Preposition | 180 |
| **Lesson 8.4(b)** | সমার্থক বা কাছাকাছি অর্থবিশিষ্ট শব্দের Preposition | 193 |
| **Lesson 8.4(c)** | Appropriate Prepositions in Alphabetical Order | 198 |
| **Lesson 9** | Phrasal Verb | 237 |

| **Unit B & C : Clause & Phrase and Their Classifications** | | **263-394** |
|---|---|---|
| **Lesson 1.1** | প্রারম্ভিক গুরুত্বপূর্ণ আলোচনা | 263 |
| **Lesson 1.2** | Clause এর সাথে Phrase এর পার্থক্য | 263 |
| **Lesson 2** | Clause (খণ্ডবাক্য) | 264 |
| **Lesson 2.1** | Noun Clause | 266 |
| **Lesson 2.2** | Adjective Clause | 268 |
| **Lesson 2.3** | Adverb/Adverbial Clause | 268 |
| **Lesson 2.4** | Same Clause Used Differently | 269 |
| **Lesson 3.1** | Phrase (শব্দগুচ্ছ) | 274 |
| **Lesson 3.2** | Kinds of Phrases | 274 |
| **Lesson 4** | Phrases and Idioms | 279 |
| **Lesson 4.1** | Phrases & Idioms from | 279 |
| **Lesson 4.2** | Most Common Phrases & Idioms | 283 |
| **Lesson 4.3** | More Idioms & Phrases | 310 |
| **Lesson 4.4** | Foreign Idioms | 347 |
| **Lesson 4.5** | Categorised Idioms with Stories | 350 |

| **Unit D : Correction** | | **395-558** |
|---|---|---|
| **Lesson 1.1** | Right Form of Verb (The Tense, The Verb Ges Subject-Verb Agreement) | 395 |
| **Lesson 1.2** | Magical Subject-Verb Agreement | 397 |
| **Lesson 1.2(a)** | Magic-1 : Banishing Art | 397 |
| **Lesson 1.2(b)** | Magic-2 : Squeezing the World into a Ball | 402 |
| **Lesson 1.2(c)** | Number Person এর অন্যান্য Rule | 404 |
| **Lesson 1.2(d)** | Translation with Subject-Verb Agreement | 412 |
| **Lesson 1.3** | Verb এর গঠন | 415 |
| **Lesson 1.3(a)** | Finite Verb/Tense এর গঠন | 415 |
| **Lesson 1.3(b)** | Active Voice ও Passive Voice নির্ণয়ের পদ্ধতি | 419 |
| **Lesson 1.3(c)** | Tense নির্ণয় : কখন কোন Tense ব্যবহৃত হবে | 421 |
| | 1. অর্থ অনুযায়ী Tense এর ব্যবহার | 421 |
| | 2. Adverb of Time অনুযায়ী Tense এর ব্যবহার | 427 |
| **Lesson 1.3(d)** | Translation with Tense & Voice | 438 |
| **Lesson 1.4** | Sequence of Tenses/Conjunction Related Rules with Imaginary Devices | 441 |
| **Lesson 1.4(a)** | Time Machine-I | 442 |
| **Lesson 1.4(b)** | Time Machine-II | 447 |
| **Lesson 1.4(c)** | Time Machine-III & Time Machine-IV | 451 |
| **Lesson 1.4(d)** | The Railway Line : (Parallel) | 452 |
| **Lesson 1.4(e)** | The Wings of a Bird | 452 |
| **Lesson 1.4(f)** | Other Rules | 453 |

| | | |
|---|---|---|
| **Lesson 1.4(g)** | Important Tips : How to Solve Sequence of Tenses | 455 |
| **Lesson 1.4(h)** | Translation with Sequence of Tenses | 458 |
| **Lesson 1.5(a)** | Non-finite Verb এর ব্যবহার | 476 |
| **Lesson 1.5(b)** | Translation with Non-finite Verbs | 485 |
| **Lesson 1.6** | Verb এর বিভিন্ন Form এর কিছু তুলনামূলক আলোচনা | 494 |
| **Lesson 1.7(a)** | Classification of Sentence অনুযায়ী Right Form of Verb | 495 |
| **Lesson 1.7(b)** | Translation According to Sentence Patterns | 496 |
| **Lesson 1.8** | How to Answer Right Form of Verb & Self-Evaluation Process | 500 |
| **Lesson 2** | Noun-Pronoun Agreement According to Class, Meaning, Gender & Number | 505 |
| **Lesson 3** | Correct Use of Preposition | 514 |
| **Lesson 4** | Correction in the Determiner | 519 |
| **Lesson 5** | Correction with Gender | 524 |
| **Lesson 6** | Correction with Number | 526 |
| **Lesson 7.1** | Noun Usage Rules | 528 |
| **Lesson 7.2** | Adjective Usage Rules | 530 |
| **Lesson 7.3** | Verb Usage Rules | 532 |
| **Lesson 8** | WH Words এর ব্যবহার | 535 |
| **Lesson 8.1** | WH Questions | 536 |
| **Lesson 8.2** | WH Words এর বিভিন্ন ধরনের ব্যবহার | 543 |
| **Lesson 9** | Tag Question | 548 |
| **Lesson 9.1** | Basics of Tag Question | 549 |
| **Lesson 9.2** | বাক্য সম্পর্কে আলোচনা | 550 |
| **Lesson 9.3** | Contraction (সংকোচন) | 550 |
| **Lesson 9.4** | Tag Question এর ব্যতিক্রমধর্মী নিয়ম | 552 |
| **Lesson 10** | Correction : Miscellaneous | 556 |

| **Unit E : Sentences & Transformation** | | **559-703** |
|---|---|---|
| **Lesson 1.1** | Introduction to Transformation | 559 |
| **Lesson 1.2** | বিভিন্ন ধরনের (Transformation/Classification of Sentences) | 560 |
| **Lesson 2** | Making & Identifying Simple/Complex/Compound | 560 |
| **Lesson 2.1** | Simple/Complex/Compound বাক্যের গঠন | 561 |
| **Lesson 2.1(a)** | Complex Sentence এর গঠন | 562 |
| **Lesson 2.1(b)** | Compound Sentence এর গঠন | 566 |
| **Lesson 2.1(c)** | Simple Sentence এর গঠন | 568 |
| **Lesson 3.1** | Simple, Complex, Compound এর Transformation | 578 |
| **Lesson 3.2** | Touchstone of Transformation | 578 |
| **Lesson 3.3** | Transformation from Complex to Compound & Simple | 578 |
| **Lesson 3.3** | Reasons Why Transformation of Simple Complex & Compound Seems Difficult & Tips to Overcome Them | 591 |
| **Lesson 3.4** | Transformation from Simple to Complex & Compound | 594 |
| **Lesson 3.5** | From Compound to Complex & Simple | 602 |
| **Lesson 4.1** | Voice Change | 614 |

| | | |
|---|---|---|
| **Lesson 4.2** | Tense অনুযায়ী Voice Change | 616 |
| **Lesson 4.3** | Passive Voice কে Active করার নিয়ম | 617 |
| **Lesson 4.4** | Sentence ভিত্তিক Voice Change | 620 |
| **Lesson 4.5** | Voice এর অন্যান্য Rule | 623 |
| **Lesson 4.6** | Complex/Compound Sentence এর Voice | 624 |
| **Lesson 4.7** | যেসব ক্ষেত্রে Passive Voice এ by ছাড়া অন্যান্য Preposition বসবে | 624 |
| **Lesson 4.8** | যেসব ক্ষেত্রে Passive Voice এ by + Object বসানোর প্রয়োজন নেই | 625 |
| **Lesson 4.9** | Passive Voice এ by + Object না থাকলে যেভাবে Active করতে হবে | 626 |
| **Lesson 5** | Positive/Comparative/Superlative | 645 |
| **Lesson 6** | Assertive/Interrogative/ Imperative/Optative/Exclamatory | 656 |
| **Lesson - 6.1** | Assertive to Interrogative & Vice-Versa | 656 |
| **Lesson - 6.2** | Imperative to Assertive & Vice Versa | 660 |
| **Lesson - 6.3** | Assertive to Optative | 662 |
| **Lesson - 6.4** | Exclamatory to Assertive & Vice Versa | 662 |
| **Lesson -7** | Affirmative to Negative & Vice-Versa | 667 |
| **Lesson - 8** | Change of Narration/ through 'The Rime of The Change of Narration' | 676 |
| **Lesson - 8.1** | Basics | 676 |
| **Lesson - 8.2** | Rime on Common 6 Rules | 677 |
| **Lesson - 8.2 (a)** | ১নং কাজঃ Reporting Verb এর পরিবর্তন | 678 |
| **Lesson - 8.2 (b)** | ২নং কাজঃ That/ If/ To বসানো | 683 |
| **Lesson - 8.2 (c)** | ৩নং কাজঃ Reported Speech এর Subject ও Object পরিবর্তন | 683 |
| **Lesson - 8.2 (d)** | ৪নং কাজঃ Reported Speech এর Tense পরিবর্তন | 684 |
| **Lesson - 8.2 (e)** | যে বাক্যগুলোর Tense অপরিবর্তিত থাকে | 684 |
| **Lesson - 8.2 (f)** | ৫নং কাজঃ নিকটবর্তী নির্দেশনাসূচক শব্দকে দূরবর্তী নির্দেশনাসূচক শব্দে পরিণতকরণ | 685 |
| **Lesson - 8.2 (g)** | ৬নং কাজঃ সব ধরনের Sentence কে Assertive বানানো | 686 |
| **Lesson - 8.2 (h)** | মূল ৬টি কাজের Table | 686 |
| **Lesson - 8.3** | অন্যান্য Rules | 687 |
| **Lesson - 8.4** | Passage/ Big Sentence Narration Change এর জন্য আরো কিছু প্রয়োজনীয় নিয়ম | 688 |
| **Lesson - 8.5** | Indirect Narration কে Direct Narration এ পরিবর্তনের নিয়ম | 692 |
| **Unit F : Words** | | **704-984** |
| **Lesson - 1** | Synonyms and Antonyms | 704 |
| **Lesson - 1.1** | Synonyms Antonyms in Alphabetical Order | 707 |
| **Lesson 1.1(a)** | Synonyms and Antonyms for Easy Words | 707 |
| **Lesson 1.1(b)** | Synonyms and Antonyms for Mediocre Words | 721 |
| **Lesson 1.1(c)** | Synonyms and Antonyms for Difficult Words | 729 |
| **Lesson - 1.2** | Prefix যোগ করে Antonym গঠন | 737 |

| | | |
|---|---|---|
| **Lesson - 1.3** | Categorised Words for Synonyms & Antonyms | 738 |
| **Lesson - 2** | Formation of New Words by Adding Prefixes & Suffixes | 808 |
| **Lesson - 2.1** | Verb থেকে Noun MVb | 808 |
| **Lesson - 2.2** | Adjective থেকে Noun গঠন | 813 |
| **Lesson - 2.3** | Noun থেকে Adjective গঠন | 816 |
| **Lesson - 2.4** | Noun I Adjective থেকে Verb গঠন | 818 |
| **Lesson - 2.5** | Adjective থেকে Adverb গঠন | 821 |
| **Lesson - 3** | Spelling | 830 |
| **Lesson – 3.1** | Why Spelling Seems Difficult in English | 830 |
| **Lesson – 3.2** | Spelling of Important Words (Alphabetically) | 831 |
| **Lesson – 3.3** | Spelling According to Difficulty Factors | 837 |
| **Lesson - 4.1** | One Word Substitution/ Meaning of Words : Definition Types | 860 |
| **Lesson - 4.2** | Meaning of Some Categorized Words | 909 |
| **Lesson – 5** | Analogy | 941 |
| **Lesson – 6** | Proverbs | 960 |
| **Lesson – 7** | Important Abbreviation | 982 |
| **Unit G : Composition** | | **985-986** |
| **Lesson - 1** | Parts of Paragraph | 985 |
| **Lesson - 2** | Parts of Letter/ Application | 986 |
| **Unit Z : Mastering English Sentences** | | **989-1058** |
| **Lesson - 1.1** | Anatomy of Sentences (বাক্যের Unit সমূহের গঠন ও পরিভাষা) | 989 |
| **Lesson - 1.2** | বাক্য গঠনের কিছু প্রয়োজনীয় নিয়ম | 992 |
| **Lesson - 2** | Uses of Modifiers | 995 |
| **Lesson – 3** | Sentence Connectors | 1000 |
| **Lesson – 4** | How to Understand Long Sentences | 1007 |
| **Lesson – 5** | How to Make Long Sentences/ Combining Sentences | 1015 |
| **Lesson – 6** | Punctuation | 1023 |
| **Lesson – 7** | Mood | 1030 |
| **Lesson – 8** | Translation | 1032 |
| **Lesson – 8.1** | Translation এর ক্ষেত্রে বাংলা ইংরেজির মিল-অমিল | 1033 |
| **Lesson – 8.2** | Path to follow for Translation | 1034 |
| **Lesson – 8.3** | Translation with Some Special Uses | 1036 |
| **Model Questions** | | **1059** |
| **Previous BCS Questions** | | **1064** |

# SYLLABUS FOR BCS PRELIMINARY TEST
## English Grammar
## Total Marks: 20

| Contents According to Syllabus | Specification in English Wizard | Page |
|---|---|---|
| **A. Parts of Speech** | Definition, Classification & Identification | 1-62 |
| The Noun | Classification | 63 |
| The Determiner | Article & Other Determiners | 103-128 |
| The Gender | Classification and Changing from Masculine to Feminine | 129 |
| The Number | Classification and Changing from Singular to Plural | 135 |
| The Pronoun | Classification | 72 |
| The Verb | Classification | 89 |
| The Finite: Transitive, Intransitive | | 90 |
| The Non-Finite: Participles, Infinitives, Gerund | Definition & Identification.<br>For Detail Uses See – Unit D | 145 |
| The Linking Verb | | 157 |
| The Phrasal Verb | | 237 |
| Modals | | 164 |
| The Adjective | Classification & Degree | 80 |
| The Adverb | Classification | 95 |
| The Preposition | Classification | 97 |
| | Uses | 168 |
| The Conjunction | Classification | 98 |
| | Uses (Part-E) | 562, 566 |
| **B. Idioms & Phrases** | | **279** |
| Meanings of Phrases | Meaning of Idioms & Phrases | 279 |
| Kinds of Phrases | | 274 |
| Identifying Phrases | Identifying the Class | 274 |
| **C. Clauses** | | **263** |
| The Principal Clause | | 265 |
| The Subordinate Clause: | | 265 |
| The Noun Clause | | 266 |
| The Adjective Clause | | 268 |
| The Adverbial Clause & Its Types | | 268 |

| | | |
|---|---|---|
| **D. Corrections** | | **395** |
| The Tense<br>The Verb | Uses & Rules of Right Form of Verb | 415-504 |
| The Preposition | Some Rules & Uses.<br>For Details See - Unit-A | 514 |
| The Determiner | Some Rules & Uses<br>For Details See - Unit-A | 519 |
| The Gender | Some Rules & Uses<br>For Details See - Unit-A | 524 |
| The Number | Some Rules & Uses<br>For Details See - Unit-A | 526 |
| Subject-Verb Agreement | Rules of Right Form of Verb | 397 |
| **E. Sentences & Transformations** | | **559** |
| The Simple Sentence<br>The Compound Sentence<br>The Complex Sentence | Identifying Sentence Class & Transformation | 562-613 |
| The Active Voice<br>The Passive Voice | Transformation | 614-544 |
| The Positive Degree<br>The Comparative Degree<br>The Superlative Degree | Transformation | 645-655 |
| **F. Words** | | |
| Meanings | One Word Substitution/<br>Meaning of Words: Definition Types | 860-940 |
| Synonyms<br>Antonyms | | 704-807 |
| Spellings | | 830 |
| Usage of Words as Various Parts of Speech | Uses & Identification.<br>See - Unit A | 43 |
| Formation of New Words by Adding Prefixes & Suffixes | Changing Parts of Speech from One Form to Another | 808 |
| **G. Composition:** | | **985** |
| Names of Parts of Paragraphs/ Letters/ Applications | | 985 |

# Unit A — Parts of Speech

BCS সহ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় Parts of Speech Identification একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ Item. Parts of Speech এর বিশালতার কারণে Parts of Speech নির্ণয় অনেকের কাছে একটি অত্যন্ত কঠিন ও সমস্যাপূর্ণ কাজ বলে মনে হয়। এ অধ্যায়ে আমরা কঠিনকে সহজ এবং সমস্যাকে সমাধান করার চেষ্টা করব। এ উদ্দেশ্যে আমরা এ টপিকটিকে যেভাবে ডিজাইন করেছি তা নিম্নরূপ:

১. আমরা মনে করি সরাসরি সমস্যার সমাধানে যাওয়ার আগে এর তাত্ত্বিক, মনস্তাত্ত্বিক এবং প্রক্রিয়াগত কারণ জেনে নিয়ে এরপর সমাধানে আত্মনিয়োগ করা উচিত। তাই প্রথমে Lesson-1.1 এ Parts of Speech জটিল মনে হওয়ার কারণসমূহ আমরা আলোচনা করেছি।
২. তারপর Lesson-1.2 তে আমরা Parts of Speech এবং এর প্রকারসমূহের সংজ্ঞাভিত্তিক সাধারণ আলোচনা করেছি।
৩. সংজ্ঞাভিত্তিক সাধারণ আলোচনার পর বেশ কিছু Confusion তৈরি হয়। Lesson-1.3 তে আমরা সে Confusion গুলো দূর করার চেষ্টা করেছি।
৪. Lesson-1.4 এ আমরা বিভিন্ন Parts of Speech এর শব্দের গঠন, বিভিন্ন গঠনপ্রক্রিয়ায় প্রদানকৃত বিভিন্ন অর্থ, বাক্যের মধ্যে এদের Function এবং এসবের আলোকে Parts of Speech Identification নিয়ে খুঁটিনাটি অনেক বিষয়ের আলোচনা করেছি।
৫. সাধারণ কিন্তু অতিপ্রয়োজনীয় শব্দ এবং এদের Parts of Speech Lesson – 1.5 এ অর্থসহ দেয়া হয়েছে।
৬. Same Word Used as Different Parts of Speech- Lesson 1.6 এ আলোচনা করা হয়েছে।
৭. Lesson 1.7 থেকে Lesson 1.13 পর্যন্ত Noun, Pronoun, Adjective ইত্যাদির Classification নিয়ে আলোচনা করা হয়েছে। এগুলো কেবল Noun, Pronoun ইত্যাদির Classification নির্ণয় নয়, বরং সঠিকভাবে Parts of Speech নির্ণয় করার জন্যও Noun, Pronoun ইত্যাদির Classification অনেক সাহায্য করবে।
৮. Unit-F এ 'Words' অধ্যায়ে Prefix-Suffix যোগ করে বিভিন্ন Parts of Speech গঠন, Synonym-Antonym (Parts of Speech এর ধরনসহ) দেয়া হয়েছে। বাক্যে ব্যবহার ব্যতিরেকে শুধু শব্দের Parts of Speech নির্ণয়ের জন্য ওগুলো খুবই প্রয়োজন।

## Lesson 1.1 — An Insight into Parts of Speech

### Parts of Speech জটিল মনে হওয়ার কারণসমূহ

১. **Wrong Way of Identifying :** আপনি হয়ত Parts of Speech শেখা এবং Identify করার জন্য Parts of Speech এর শ্রেণিবিভাগসমূহের পুঁথিগত সংজ্ঞা মনে রাখার চেষ্টা করেন, যেটা আসলেই অনেক কষ্টসাধ্য ও সময়সাপেক্ষ এবং এতে অনেক সময় আপনার মনে হতে পারে যে, Parts of Speech পুরোপুরি শেখা এবং Identify করা আপনার পক্ষে সম্ভব নয়। যেমন– সংজ্ঞার উপর ভিত্তি করে Identification করতে গেলে Preposition না Conjunction, Abstract Noun না Verb, Adjective না Adverb এগুলোতে অনেকেরই ঝামেলা তৈরি হয়। তাছাড়া Cognate Verb, Linking verb, Factitive verb, Adverb of Manner ইত্যাদি ইত্যাদি অনেক কিছু আছে যেগুলো মনে রাখা সত্যিই কঠিন।

**Tips :** Parts of Speech শেখা এবং Identify করা খুবই সহজ, যদি আপনি প্রতিটা Part of Speech এর নামকরণের কারণ/বৈশিষ্ট্য/সংজ্ঞা এমনভাবে শিখেন যেভাবে মনে রাখা আপনার জন্য সহজ। বেশিরভাগ Part of Speech এর নামকরণ হয়েছে তার শাব্দিক অর্থ অনুযায়ী। তাই ভালো করে শাব্দিক অর্থ শিখে ফেলুন। এতেই আপনার কাজ ৮০% শেষ হয়ে যাবে। এখানে আমরা প্রতিটা Part of Speech এবং এদের শ্রেণিবিভাগ আলোচনা করেছি খুবই সংক্ষেপে, কিন্তু কার্যকরভাবে। শাব্দিক অর্থগুলো শেখার জন্য আমরা অনেক শব্দকে ভেঙ্গে ভেঙ্গে অর্থ দিয়েছি। যেখানে সংজ্ঞা দিয়েই মনে রাখা প্রয়োজন, সেখানে আমরা সংজ্ঞা প্রদান করেছি। যেখানে কোন একটা বৈশিষ্ট্য মনে রাখলে সহজে Parts of Speech সনাক্ত করা যায়, সেখানে আমরা বৈশিষ্ট্য বর্ণনা করেছি। একই রোগের সকল রোগীর জন্য একই ধরনের ঔষধ প্রযোজ্য নয়। তাই যেটা যেভাবে মনে রাখা যায়, সেটা সেভাবে মনে রাখার চেষ্টা করা উচিত।

২. **Wrong Focal Point :** আপনি হয়ত শব্দ পড়ার সময় শব্দের শুধু প্রথম অংশে Focus করেন। কিন্তু Parts of Speech বেশির ভাগ ক্ষেত্রে নির্ভর করে শব্দের শেষ অংশের উপর। যেমন– Success (সফলতা) [Noun], Succeed (সফল হওয়া) [Verb], Successful (সফল) [Adjective]। Succ.. দেখার পরই আপনি এ শব্দগুলোর শেষ অংশে Focus না করে, সবগুলোকে Mixed করে ফেলেন, একটার জায়গায় আরেকটা ধরে নেন। অনুরূপভাবে, অর্থ শেখার সময়, আপনি শব্দের বাংলা অর্থের শেষের অংশে Focus না করে প্রথম অংশে Focus করেন। যেমন– নিষ্ঠুর/নিষ্ঠুরতা, প্রাপ্য/প্রাপ্যতা, প্রবেশ/প্রবেশ করা, মারা যাওয়া/মৃত/মৃত্যু ইত্যাদি অর্থের মধ্যে আপনি সঠিকভাবে পার্থক্য না করে কাছাকাছিটা বলে ফেলেন। বাক্যে ব্যবহার করার সময় হয়ত অর্থের চাহিদা অনুযায়ী আপনি কাজ চালিয়ে নেন। এতে ইংরেজি শব্দ এবং বাংলা অর্থের মধ্যে আপনি অনেক সময় সমন্বয় করতে পারেন না। এভাবে পূর্বে কোনো সময় ভুল অর্থ হয়ত আপনি মাথায় নিয়েছেন; যার কারণে, পরীক্ষায় আসা প্রশ্নের মধ্যেও আপনি ভুল করে ফেলতে পারেন।

**Tips :** শব্দ এবং এর অর্থ শেখার সময় Part of Speech খেয়াল করে শিখতে হবে, আর শব্দের অর্থ দেখে শব্দটি কোন Part of Speech তা বুঝার সক্ষমতা অর্জন করার চেষ্টা করতে হবে, আর এজন্য প্রতিটা শব্দ ও শব্দের অর্থ শেখার সময় শব্দের শেষ অংশে বেশি Focus রাখতে হবে। শব্দের অর্থ সঠিকভাবে শেখা থাকলে ৮০% এর বেশি Part of Speech এমনিতেই নির্ণয় করা যাবে।

উদাহরণস্বরূপ অর্থ অনুযায়ী Parts of Speech নির্ণয়ের জন্য এ রকম নিয়মগুলো অনুসরণ করুন:

a) Dictionary তে Verb এর অর্থের মধ্যে সাধারণত করা বা হওয়া (আ বা ওয়া) লাগানো থাকে। তবে বাক্যে ব্যবহৃত হলে Tense অনুযায়ী রূপ পরিবর্তিত হয়ে করি, করছি, করেছি, হই, হচ্ছি, হয়েছি ইত্যাদি রূপে ব্যবহৃত হয়। যেমন– Do = করা। কিন্তু I do = আমি করি, I am doing = আমি করছি, I have done = আমি করেছি। Go = যাওয়া। কিন্তু I go = আমি যাই, I am going = আমি যাচ্ছি, I have gone = আমি গিয়েছি।

b) Dictionary অনুযায়ী Noun, Verb থেকে তৈরি হলে করা বা হওয়া বাদ পড়বে, এবং/অথবা – করণ/অন যোগ হবে।
   Act (V) = কাজ করা => Action (N) = কাজ
   Pollute (V) = দূষিত করা => Pollution (N) = দূষণ/দূষিতকরণ

❖ তবে মনে রাখতে হবে, বাক্যে ব্যবহারের ক্ষেত্রে 'করা বা হওয়া' লাগানো থাকলে সেটা মূলত Noun হিসেবে বিবেচিত হবে। যেমন-
   সাঁতার কাটা একটি ভালো ব্যায়াম
   = <u>Swimming</u> is a good exercise. (Noun)
   মিথ্যা বলা মহাপাপ
   = <u>To tell</u> a lie is a great sin. (Noun)

c) Adjective থেকে Noun তৈরি হলে শব্দের শেষে .... তা যোগ হবে।
   Honest (Adj) = সৎ => Honesty (N) = সততা
   Cruel (Adj) = নিষ্ঠুর => Cruelty (N) = নিষ্ঠুরতা
   অথবা প্রথম অক্ষরের মধ্যে কিছু পরিবর্তনসহ শব্দের শেষে য-ফলা (্য) যোগ হবে। যেমন–
   Bright (Adj) = উজ্জ্বল => Brightness (N) = ঔজ্জ্বল্য, উজ্জ্বলতা
   Poor (Adj) = দরিদ্র => Poverty (N) = দারিদ্র্য, দরিদ্রতা
   এ রকম আরো অনেক গঠন আছে যেগুলো দেখলে অর্থ অনুযায়ী Part of Speech সহজে নির্ণয় করা যায়।

৩. **পূর্বজ্ঞান সমস্যা :** পূর্বজ্ঞান বলতে আপনি কোন Word কে নির্দিষ্ট Parts of Speech হিসেবে জানেন। এখন–

(a) আপনি Context বা প্রসঙ্গের কারণে বাক্যের Parts of Speech এর নাম যে পরিবর্তন হয় সে ব্যাপারে সচেতন না থেকে, আপনার পূর্বজ্ঞান অনুযায়ী আপনি Parts of Speech নির্ণয় করেন।

(b) বাক্যের Structure এর কারণেও Parts of Speech এর নাম যে পরিবর্তন হয় সে ব্যাপারে সচেতন না থেকে, আপনার পূর্বজ্ঞান অনুযায়ী আপনি Parts of Speech নির্ণয় করেন।

**Tips :** পূর্বজ্ঞান বা এককভাবে শাব্দিক অর্থ আপনাকে ৭০-৮০% ক্ষেত্রে সাহায্য করবে। কিন্তু এর পাশাপাশি প্রসঙ্গের ভিন্নতা এবং শব্দের ও বাক্যের বিভিন্ন গঠনপ্রণালী সম্পর্কে যতদূর সম্ভব জ্ঞান অর্জন করুন। বিভিন্ন জিনিস পড়ার সময় Parts of Speech নির্ণয় করার চেষ্টা করুন। এখানে আমরা উদাহরণ হিসেবে কিছু বিষয় আলোচনা করেছি। এগুলো ভালোভাবে পর্যবেক্ষণ করুন ও একইরূপের শব্দ অন্য বাক্যে আসলে যাতে আপনি সহজে Parts of Speech নির্ণয় করতে পারেন, সেজন্য উদাহরণগুলোকে সূত্রের মত ব্যবহার করার জন্য মুখস্ত করে নিতে পারেন।

১. শব্দটি আভিধানিকভাবে বিভিন্ন Parts of Speech হিসেবে ব্যবহৃত হয়, কিন্তু অর্থগতভাবে কাছাকাছি অর্থ প্রদান করে। যেমন– help (সাহায্য, সাহায্য করা) (Noun, Verb): I need your help. I will help you.
   hope (আশা, আশা করা) (Noun, Verb) : There is no hope of his recovery. I hope you will help me.

২. শব্দটি আভিধানিকভাবেই বিভিন্ন Parts of Speech হিসেবে ব্যবহৃত হয়, পাশাপাশি একেক Parts of Speech অনুযায়ী অর্থও একেক রকম হয়ে থাকে। যেমন– act (আইন) [Noun], act (কাজ করা) [Verb]

৩. Homonyms: প্রায় সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ।
Principal (প্রধান) = Common Noun/ Adj, Principle (নীতি) = Abstract Noun;
Confident (আত্মবিশ্বাসী) = Adj, Confidential (গোপনীয়) =Adj [ভিন্নার্থে দুইটিই Adj]
Affect (আক্রান্ত করা) = Verb, Effect (প্রতিক্রিয়া, ফলাফল) = Noun

৪. একই মূল শব্দ থেকে গঠিত একই Parts of Speech হওয়া সত্ত্বেও ভিন্ন অর্থ হতে পারে।
 (a) Common Noun vs Abstract Noun:
 Actor (অভিনেতা) [Common Noun], Action (কাজ, পদক্ষেপ) [Abstract Noun], Patriot (দেশপ্রেমিক) [Common Noun], Patriotism (দেশপ্রেম) [Abstract Noun]
 (b) Noun বা Adjective গঠনের ভিন্নতার কারণে:
 Decoration (সাজ-সজ্জা), Decorating (সজ্জিতকরণ); Active (কর্মঠ, সক্রিয়), acting (ভারপ্রাপ্ত); dying (মৃতপ্রায়, মরণোন্মুখ) , dead (মৃত); falling (পড়ন্ত), fallen (পতিত)

৫. একই শব্দ আভিধানিকভাবে একই Parts of Speech হিসেবে ব্যবহৃত হওয়া সত্ত্বেও অবস্থার ভিন্নতার/ ব্যবহারের কারণে বিভিন্ন হতে পারে। যেমন– control (নিয়ন্ত্রণ করা, দমন করা), bid **(**আদেশ করা, নিলাম ডাকা, [বিদায়] জানানো**)**

৬. ভাষার অলঙ্কারগত কারণে বা Grammar এর নিয়মের কারণে একই শব্দ বিভিন্ন অর্থ ও বিভিন্ন Parts of Speech হিসেবে ব্যবহৃত হতে পারে। যেমন–
The mother rose in her seeing the little baby. (mother = motherly feeling বা মাতৃসুলভ অনুভূতি, তাই এটা Abstract Noun)
Helen was a beauty. (beauty = beautiful lady, তাই এটা Common Noun)
It is a must. (must = obligatory matter বা আবশ্যক বিষয়, তাই এটা Abstract Noun)
They water in the garden. (water = পানি দেয়া, তাই এটা Verb)
The rich are not always happy. (The rich = rich people বা ধনী লোকেরা, তাই এটা Plural Common Noun)

**8. Generalizing Tendency :** আপনি হয়ত ২/৪ টি ক্ষেত্র পর্যবেক্ষণ করে একটা Conclusion তৈরি করে রাখেন যে, 'এ রকম হলে এটা, ও রকম হলে ওটা'। ব্যতিক্রম যে আছে- এ ব্যাপারটাকে আপনি মোটেও গুরুত্ব দেন না। কারো কারো ক্ষেত্রে দেখা যায় যে, ব্যতিক্রম কেবল নয়, বরং নির্দিষ্ট একাধিক অবস্থা আছে যে একেক অবস্থায় একেকটি কথা প্রযোজ্য হয়, সেসব ক্ষেত্রেও তারা একটা নির্দিষ্ট অবস্থার মধ্যেই তাদের চিন্তাকে সীমিত করে ফেলেন, এমনকি অন্য অবস্থাটাও বহুল ব্যবহৃত হলেও। যেমন– after, before, since, for এগুলোর Preposition এবং Conjunction দুটোর ব্যবহারই বহুল প্রচলিত। কিন্তু তারপরও উনারা হয়ত এগুলোকে Preposition ই বলবেন।

**Tips :**

(১) ব্যতিক্রম হতে পারে– এ বিষয়টা সব সময় মাথায় রাখার চেষ্টা করুন, বিশেষভাবে যখন কোন শব্দ বাক্যে ব্যবহৃত হয়।

(২) আবার পরীক্ষার প্রশ্ন মানেই ব্যতিক্রম কিছু আসবে– এ চিন্তাটাকেও সীমিত করুন। অতিরিক্ত ব্যতিক্রম খুঁজতে যাবেন না। পরীক্ষায় অনেক প্রশ্নই একেবারে সহজ আসে। কোন প্রেক্ষাপট বা কোন লক্ষণ পাওয়া না গেলে General Truth টাকেই গ্রহণ করুন।

(৩) এবার কিছু Rule দেখুন–
 (a) Adjective + ly = Adverb. যেমন–
 honest (Adj) + ly = honestly (Adv)
 Noun + ly = Adjective. যেমন–
 love (Noun)+ ly = lovely (Adj), coward (Noun) + ly = cowardly (Adj)
 কিন্তু অনেকেই ly দেখলেই কোন চিন্তা না করেই এটাকে Adverb ধরে নেন।
 (b) কিছু Prefix/ Suffix আছে যেগুলো ভিন্ন ভিন্ন Part of Speech গঠনে ব্যবহৃত হয়। যেমন– al – suffixটি Noun ও Adjective ২টাতেই পাওয়া যায়। কিন্তু অনেকেই এটাকে শুধু Adjective এর বৈশিষ্ট্য বলে মনে করেন। যেমন– Usual, Actual, National ইত্যাদি Adjective এর গঠন হলেও, Removal, Trial ইত্যাদি Noun এর গঠন।
 (c) কিছু কিছু শব্দের মূল অক্ষরগুলো Prefix/ Suffix এর সদৃশ। কিন্তু অনেকেই এগুলোকে Prefix/ Suffix মনে করে একটা Category এর মধ্যে ফেলে দেন। যেমন- mention (উল্লেখ করা) এটা verb. এখানে tion শব্দের মূল অংশ। কিন্তু সাধারণভাবে tion- suffix হিসেবে noun এর শেষে বসে।

**৫. Dictionary যখন Confusion তৈরি করে :** ইংরেজিতে অনেক শব্দ আছে যেগুলো Dictionary খুঁজলে বিভিন্ন Part of Speech হিসেবে পাওয়া যাবে। যদি বাক্যে ব্যবহার থাকে, তখন বাক্যের মধ্যে শব্দটির Function অনুযায়ী সাধারণত একটি Part of Speech হিসেবেই গণ্য হবে। কিন্তু যখন বাক্যে ব্যবহার না থাকে, এবং Option হিসেবে একাধিক Part of Speech ("Both Noun and Verb", "Both Noun and Adjective" etc.) এ রকম দেয়া না থাকে, তখন Part of Speech নির্ণয় করা একটু কঠিন হয়ে পড়ে।

**Tips :** আপনি এক্ষেত্রে যেটা করতে পারেন–

১. আপনি ঐ অপশনটি বেঁছে নিবেন যেটা যে Part of Speech হিসেবে বেশি কমন। যেমন– water - noun হিসেবেই more common যদিও এটা verb হিসেবে ব্যবহৃত হয়, very - adverb হিসেবেই বেশি কমন, যদিও এটা Adjective হিসেবে ব্যবহৃত হয়। but - conjunction হিসেবেই বেশি কমন, যদিও এটা Preposition/Adverb/Pronoun হিসেবেও ব্যবহৃত হতে পারে and so on.

২. আপনি ঐ অপশনটি বেছে নিবেন যেটা শব্দের Formation (Prefix/Suffix) অনুযায়ী বেশি অনুকূল। যেমন– Plural, Neutral ইত্যাদি শব্দের শেষে al যোগ হয়েছে যেটা সাধারণত Adjective - Indicate করে। কিন্তু Dictionary খুঁজলে এগুলো Adjective এবং Noun দুইভাবেই পাওয়া যাবে।

৩. কোন শব্দের Noun হিসেবে Abstract Noun এবং Common Noun দুটি Noun Form থাকলে Abstract Noun অগ্রাধিকার পাবে। যেমন– যদি বলা হয়, Patriotic এর Noun Form কী? => Patriotism/ Patriot. Ans : Patriotism
এভাবে Neutral (noun) (নিরপেক্ষ ব্যক্তি, রং, অবস্থান, দেশ ইত্যাদি) আবার Neutral (Adjective) (নিরপেক্ষ) এর Abstract Noun হচ্ছে Neutrality. অতএব, Neutral কে সাধারণভাবে আমরা Adjective হিসেবেই ধরে নেব।

৪. Adjective কখনো ঐ Adjective + Part/Position/ Colour ইত্যাদি বুঝানোর জন্য ব্যবহৃত হয়। এটা বেশি ব্যবহৃত হলে Noun হিসেবে Dictionary তে স্থান পায়। তাই এক্ষেত্রে Part of Speech নির্ণয়ে মূল শব্দ অর্থাৎ Adjective কে Priority দিতে হবে। যেমন– green, yellow, neutral ইত্যাদি। যেমন– Children like the yellow of an egg. এখানে yellow - Noun. কিন্তু বাক্যে ব্যবহার না থাকলে আমরা এটাকে সাধারণভাবে Adjective হিসেবেই ধরে নেব।

**বি: দ্র:** Parts of Speech এর জটিলতা সম্পর্কে মোটামোটি ধারণা না থাকলে, উপরের আলোচনাটাকেই অনেকের কাছে জটিল মনে হতে পারে। ঘাবড়াবেন না। দু-একবার শুধু Reading পড়ুন, সবকিছু বুঝতে হবে না। দু-একবার Reading পড়ে, আগে Parts of Speech এর নিচের আলোচনা পড়ে নিন। এর পর কিছু প্রশ্ন চর্চা করুন। যখন Confusion তাড়া করবে, বেশ কয়েকটি প্রশ্নে জটিলতা অনুভব করবেন, তখন আবার উপরের আলোচনাটি পড়ুন, তখনই আপনি এ আলোচনার গুরুত্ব বুঝতে পারবেন।
উল্লেখ্য, এ আলোচনা আশা করি আপনি অন্য কোন বইয়ে পাবেন না।

## Lesson 1.2 — Parts of Speech : সংজ্ঞা ও শ্রেণিবিভাগ

❖ **সংজ্ঞা :** Sentence এ ব্যবহৃত প্রতিটি "অর্থপূর্ণ শব্দকে" একেকটি পদ বা Part of Speech বলে। যেমন– They play cricket in the afternoon. এখানে They, play, cricket, in, the, afternoon প্রত্যেকটি একেকটি পদ বা Part of Speech.

❖ **শ্রেণিবিভাগ : Parts of Speech আট প্রকার। এগুলো হলো–**

1. Noun
2. Pronoun
3. Adjective
4. Verb
5. Adverb
6. Preposition
7. Conjunction
8. Interjection

❖ **নির্দেশনা :** প্রতিটা Part of Speech এর নামের অর্থ ভালোভাবে শিখবেন, তাহলে Definition ৮০% শেখা হয়ে যাবে।

| Parts of Speech এর নাম | শাব্দিক অর্থ | পরিচিতি/ নামকরণের কারণ/ বৈশিষ্ট্য | উদাহরণ |
|---|---|---|---|
| **1. Noun** | বিশেষ্য | যে কোন কিছুর নামকে Noun বলে।<br>যে Word দ্বারা কোন ব্যক্তি, বস্তু, স্থান, কাল, ধারণা, কাজ বা গুণের নাম বুঝায়, তাকে Noun বলে।<br>● নামটি দৃশ্যমান বা অদৃশ্য কোনো কিছুর হতে পারে।<br>● নামটি নির্দিষ্ট অথবা সাধারণ নাম হতে পারে; (সাধারণ নাম হলে নামটি একক অথবা সমষ্টিগত নাম হতে পারে)।<br>● নামটি গণনাযোগ্য বা অগণনাযোগ্য হতে পারে। | **দৃশ্যমানঃ** Jaman (ব্যক্তির নির্দিষ্ট নাম); man (ব্যক্তির সাধারণ নাম); table (বস্তুর সাধারণ নাম); flock (পাখি ইত্যাদির সমষ্টিগত নাম); Friday, October (সময়ের নির্দিষ্ট নাম); time, season (সময়ের সাধারণ নাম); Dhaka, Japan (স্থানের নির্দিষ্ট নাম); place, house (স্থানের সাধারণ নাম); water, gold (অগণনাযোগ্য সাধারণ নাম);<br>**অদৃশ্যঃ** entry, death (কাজের নাম); honesty, cruelty (গুণের নাম) |
| Pro | সমতুল্য | | |
| **2. Pronoun** | নামের সমতুল্য বা সর্বনাম | Noun এর পরিবর্তে যা ব্যবহৃত হয়, তাকে Pronoun বলে। | I, me, you, he, this, that, each |
| **3. Adjective** | বিশেষণ | যা দ্বারা Noun বা Pronoun এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি বুঝায় তাকে Adjective বলে। | He is a <u>good</u> boy.<br>They are <u>honest</u>. |
| **4. Verb** | ক্রিয়া | যা দ্বারা কোন কিছু করা বা হওয়া বুঝায়, তাকে Verb বলে। | do, eat, become |
| **5. Adverb** | ক্রিয়াবিশেষণ, বিশেষণের বিশেষণ, ক্রিয়া-বিশেষণের বিশেষণ, বাক্যের বিশেষণ | যা দ্বারা Noun বা Pronoun ছাড়া অন্য যে কোন কিছুর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ, <u>স্থান কাল, ধরন, মাত্রা</u> ইত্যাদি বুঝায় তাকে Adverb বলে।<br>অন্য যে কোন কিছু বলতে সেটা Adjective, Verb, Adverb অথবা Clause (খণ্ডবাক্য), Phrase (শব্দগুচ্ছ) বা Sentence হতে পারে। | He walks <u>fast</u>.<br>He is <u>very</u> good.<br>He walks <u>very</u> <u>fast</u>.<br>You are walking <u>slowly</u>.<br><u>Actually</u>, he is not good.<br>He came <u>yesterday</u>.<br>He went <u>there</u>. |
| Pre | পূর্বে | | |
| Position | অবস্থান | | |
| **6. Preposition** | পূর্বে অবস্থান | যা Noun বা Pronoun এর পূর্বে অবস্থান করে অন্যান্য Word এর সাথে <u>সম্পর্ক</u> তৈরি করে, তাকে Preposition বলে। | The book is <u>on</u> the table.<br>He is a man <u>of</u> integrety.<br>I bought this <u>for</u> you. |
| **7. Conjunction** | সংযোগ, সংযোজক অব্যয় | যা দু'টি শব্দ, শব্দগুচ্ছ (Phrase), খণ্ডবাক্য (Clause) বা বাক্যের মধ্যে <u>সংযোগ</u> তৈরি করে, তাকে Conjunction বলে। | Jamil <u>and</u> Jamal are two brothers.<br>He is very talented <u>but</u> sometimes shy.<br><u>Though</u> he is poor, he is honest. |
| **8. Interjection** | অন্তর্ভাবমূলক শব্দ | যা দ্বারা মনের আকস্মিক আবেগ, অনুভূতি ইত্যাদি প্রকাশ পায়, তাকে Interjection বলে। | oh, hurrah, alas |

## Exercise

**Identify the class of parts of speech of the word(s) in bold:**

| Sentence | Answer | | Sentence | Answer |
|---|---|---|---|---|
| He ***runs*** fast. | Verb | | He waited ***until*** she arrived. | Conjunction |
| He is a ***very*** good player. | Adverb | | ***Alas!*** He is no more. | Interjection |
| ***Quickly***, she finished the task. | Adverb | | The train is ***on*** time. | Preposition |
| They are ***happy***. | Adjective | | ***It*** was raining all day. | Pronoun |
| We walked ***through*** the park. | Preposition | | The cat is ***under*** the table. | Preposition |
| ***Wow!*** That was amazing. | Interjection | | I will wait ***until*** he comes. | Conjunction |
| The ***sun*** rises in the east. | Noun | | ***That*** was a fantastic movie. | Pronoun |
| ***They*** were late to the meeting. | Pronoun | | He was tired ***but*** happy. | Conjunction |
| ***Her*** book is on the table. | Adjective | | The baby is ***asleep***. | Adjective |
| ***Every*** student is present today. | Adjective | | ***That*** is his house. | Pronoun |
| They sat ***beside*** the river. | Preposition | | They were excited ***yet*** nervous. | Conjunction |
| The team played ***well***. | Adverb | | ***Hey!*** Look over here! | Interjection |
| ***Who*** will attend the meeting? | Pronoun | | ***Lately***, I have been tired. | Adverb |
| The house was built ***by*** the sea. | Preposition | | She walked ***toward*** the store. | Preposition |
| ***Although*** he tried, he failed. | Conjunction | | ***Either*** you or I will go. | Conjunction |
| The ***red*** car is mine. | Adjective | | She lives ***near*** the school. | Preposition |
| He was ***a*** great leader. | Adjective | | ***Despite*** the cold, we went out. | Preposition |
| ***This*** is my favorite book. | Pronoun | | He sat ***beside*** his friend. | Preposition |
| They will arrive ***tomorrow***. | Adverb | | He drove ***fast***. | Adverb |
| ***Oh!*** I forgot my keys. | Interjection | | ***While*** I was studying, she arrived. | Conjunction |
| He works ***hard***. | Adverb | | He arrived ***after*** the party ended. | Conjunction |
| She is ***extremely*** talented. | Adverb | | | |

## Lesson 1.3 Confusion Hunter for Parts of Speech

Confusion এড়াতে পূর্বের সাধারণ আলোচনার সাথে কিছু শর্ত ও কিছু অবস্থা মনে রাখা খুবই প্রয়োজন, নতুবা একই শব্দ অবস্থার কারণে যে বিভিন্ন Parts of Speech হিসেবে ব্যবহৃত হয়, তা সনাক্ত করা খুব কঠিন এবং বিভ্রান্তিকর লাগতে পারে। অনুরূপভাবে, সংজ্ঞার মধ্যে কিছুটা মিল থাকার কারণে ২টি Parts of Speech একইরকম মনে হতে পারে।

1. **Pronoun vs Adjective :** Pronoun যেন কোন Noun কে Modify না করে। অন্যথায়, তখন সেটা Adjective হয়ে যাবে।

   | | |
   |---|---|
   | <u>This</u> is my pen. | => Pronoun |
   | <u>This</u> pen is mine. | => Adjective |
   | <u>Many</u> people died. | => Adjective |
   | <u>Many</u> of them were ignorant. | => Pronoun |

2. **Preposition vs Adverb/Conjunction :** Preposition হওয়ার জন্য শর্ত ২টি। যথা–
   Preposition-Noun বা Pronoun এর পূর্বে অবস্থান করবে। Preposition ২টি ভিন্ন লেভেলের জিনিসের মধ্যে সম্পর্ক তৈরি করবে।

যেমন– The book is <u>on</u> the table.
এখানে on – Preposition টি the table – Noun এর পূর্বে বসেছে। এমতাবস্থায় the table হচ্ছে Preposition এর Object। আর Preposition এ Object টিকে ভিন্ন লেভেলের আরেকটি Noun – The book (Subject) এর সাথে সম্পর্কযুক্ত করে দিচ্ছে। অতএব, এখানে on একটি Preposition.
উপরের দুটি শর্ত পূরণ করা বা না করার ভিত্তিতে একই শব্দ যা Preposition হিসেবে ব্যবহৃত হয়, তা কখনো Adverb এবং কখনো Conjunction হয়ে থাকে।

a) **Preposition vs Adverb :** Preposition-Noun বা Pronoun এর পূর্বে অবস্থান করবে। যেমন– The book is <u>on</u> the table. এটা না করে যদি Verb এর পরে বসে Verb কে Modify করে, তখন সেটা Adverb হয়ে যাবে। যেমন– The Titanic went <u>down</u>.

**b) Preposition vs Conjunction :** Preposition ২টি ভিন্ন লেভেলের জিনিসের মধ্যে সম্পর্ক তৈরি করবে। যেমন– The book is on the table. কিন্তু একই লেভেলের দুটি জিনিসকে যুক্ত করলে সেটাকে আমরা বলব সংযোগ বা Conjunction. এটা দু'রকম হতে পারে:

i) কোন শব্দ যদি Subject (/Object) এর সাথে অন্য শব্দকে একই Verb এর Subject (/Object) হিসেবেই যুক্ত করে তবে সেটা হচ্ছে Conjunction। যেমন- Kamal and Jamal are going to school. He obeys his parents and teachers. কিন্তু কোনো শব্দ Subject (/Object) এর সাথে অন্য শব্দকে Subject (/Object) হিসেবে নয় বরং অন্য কোনোভাবে যদি সম্পর্কিত করে তাহলে সেটা হবে Preposition. যেমন– The man lives in Dinajpur.

ii) কোন শব্দ যদি দুটি Clause কে যুক্ত করে, তাহলে সেটা Conjunction. যেমন– He is absent since he is ill. আর যদি Phrase/Word এর সাথে Clause কে সম্পর্কিত করে তাহলে সেটা Preposition. যেমন– It has been raining since morning.

নিচের বাক্যগুলোতে Preposition/Conjunction/ **Adverb গুলো আমরা সনাক্ত করার চেষ্টা করি:**

(a) He lives off the town.
(b) His hands were cut off.
Ans : (a) Preposition, (b) Adverb
(c) The patient died after the arrival of the doctor.
(d) The patient died after the doctor had come.
Ans : (c) Preposition, (d) Conjunction
(e) He bought a shirt for his father.
(f) He is absent, for he is ill.
Ans : (e) Preposition, (f) Conjunction
(g) He is rising up the hill.
(h) One of the frogs rose his head up.
**Ans :** (g) Preposition, (h) Adverb

**More Complexity :** নিম্নলিখিত ক্ষেত্রে Preposition না কি Adverb এটা নির্ণয় করা আরো কঠিন মনে হতে পারে, যদি না আপনি নিচের কথাগুলো মাথায় রাখেন:

১. কখনো Preposition এর Object উহ্য থাকতে পারে, যাকে পূর্বে একবার উল্লেখ করা হয়েছে। এমতাবস্থায় পরে Object না থাকলেও সেটাকে Preposition-ই ধরতে হবে। যেমন–
I have no pen to write with. (with that pen)
She has no friends to talk to. (to that friends)
He has no bag to carry in. (in that bag)
We have no house to stay in. (in that house)

২. আবার কখনো Preposition এর Object তার পরে না এসে পূর্বে ব্যবহৃত হতে পারে। আর এটা হয়ে থাকে যখন Preposition এর Object টি Interrogative Pronoun অথবা Relative Pronoun হয়ে থাকে। যেমন–
What is Dhaka famous for?
The money that you hankered after ultimately brought your downfall.
He works in a way that you cannot think of.

৩. Relative Pronoun-ও কখনো উহ্য থাকতে পারে, যখন এটা Object হিসেবে ব্যবহৃত হয়। যেমন–
The money ~~(that)~~ you hankered after ultimately brought your downfall.
He works in a way ~~(that)~~ you cannot think of.

৪. কখনো ২টি Preposition এর একই Object হওয়ায় Object টিকে শুধু ২য় Preposition এর পরে উল্লেখ করা হয়। যেমন–
He is content with and takes pride in his wealth.
She is thankful for and dependent on her family's support.
He is fascinated by and dedicated to his research work.
She is skilled in and passionate about her artistic talents.

**Noun vs Adverb :** আমরা জানি, Preposition এর Object সব সময় Noun/Pronoun হয়ে থাকে। তবে যখন আমরা Preposition-সহ তার Object-কে একত্রে বিবেচনা করব, তখন এটা একটা Prepositional Phrase এ পরিণত হবে এবং কাজ করবে Adjective অথবা Adverb এর। যেমন–
A man of high intellect often feels lonely. (Prepositional Phrase/ Adjective Phrase)
He is a man of great wealth. (Prepositional Phrase/ Adjective Phrase)
He went there with a heavy heart. (Prepositional Phrase/ Adverb Phrase)
They came in a body. (Prepositional Phrase/ Adverb Phrase)

উপরের উদাহরণগুলোতে intellect, wealth, heart এবং body সবগুলোকে এককভাবে বিবেচনা করলে, Preposition এর Object হিসেবে এগুলো অবশ্যই Noun.

কিন্তু কিছু কিছু শব্দের পূর্বে এ রকম Preposition ব্যবহৃত হয় না বা উহ্যভাবে থাকে। তখন, এটাকে পুরোপুরি একটা Noun বা Pronoun এর মত মনে হতে পারে অথবা Noun না Adverb এ নিয়ে Confusion লাগতে পারে।

He came home. (স্থানের নাম হিসেবে Noun মনে হতে পারে)
He went abroad. (স্থানের নাম হিসেবে Noun মনে হতে পারে)
They arrived yesterday. (সময়ের নাম হিসেবে Noun মনে হতে পারে)
We met him here. (স্থান এর নামের পরিবর্তে ব্যবহৃত হচ্ছে, এ হিসেবে Pronoun বলে মনে হতে পারে)

কিন্তু উপরের Underline করা শব্দগুলো প্রত্যেকটাই Adverb, কারণ এগুলো Verb সংঘটিত হওয়ার স্থান বা কাল বুঝাচ্ছে।

8. **Verb vs Abstract Noun:** আমরা জানি, যে Word দ্বারা কোনো কিছু করা বা হওয়া বুঝানো হয়, তাকে Verb বলে। কিন্তু মনে রাখতে হবে, প্রত্যেকটা Verb এর একটা নাম আছে। যেমন– 'সে মারা গেল' মানে হচ্ছে 'মৃত্যু' নামের কাজটি সংঘটিত হলো। তাই 'মৃত্যু' হচ্ছে একটা নাম তথা Abstract Noun আর 'মারা যাওয়া' হচ্ছে Verb।

কোন কোন শব্দ Verb হওয়ার জন্য শর্ত হচ্ছে তা Tense অনুযায়ী ব্যবহৃত হওয়া। লক্ষ্য করুন, Dictionary তে Verb এর অর্থের মধ্যে সাধারণত করা বা হওয়া (আ বা ওয়া) লাগানো থাকে। তবে বাক্যে ব্যবহৃত হলে Tense অনুযায়ী রূপ পরিবর্তিত হয়ে করি, করছি, করেছি, হই, হচ্ছি, হয়েছি ইত্যাদি রূপে ব্যবহৃত হয়। যেমন– Do = করা। কিন্তু I do = আমি করি, I am doing = আমি করছি, I have done = আমি করেছি। Go = যাওয়া। কিন্তু I go = আমি যাই, I am going = আমি যাচ্ছি, I have gone = আমি গিয়েছি।

Dictionary অনুযায়ী- Noun, Verb থেকে তৈরি হলে করা বা হওয়া বাদ পড়বে, এবং/অথবা-করণ/অন যোগ হবে।

Act (V) = কাজ করা; Action (N) = কাজ

Pollute (V) = দূষিত করা;

Pollution (N) = দূষণ/ দূষিতকরণ

❖ **তবে মনে রাখতে হবে, বাক্যে ব্যবহারের ক্ষেত্রে 'করা বা হওয়া' লাগানো থাকলে সেটা মূলত Noun হিসেবে বিবেচিত হবে। যেমন-**

সাঁতার কাটা একটি ভালো ব্যায়াম

= Swimming is a good exercise. (Noun)

মিথ্যা বলা মহাপাপ

= To tell a lie is a great sin. (Noun)

এছাড়া Tense অনুযায়ী ব্যবহৃত না হলে অবস্থা বিশেষে Verb টা Noun, Adjective বা Adverb হতে পারে, যদিও এগুলোকে Non-finite Verb বলা যেতে পারে। কিন্তু Non-finite Verb অপশন না থাকলে আপনি কী আর করবেন? যেমন–

a) A man having a vast reaches does not always lead a happy life.
b) Going home, I will do an important task.
c) He wants to prosper in life.

**Ans :** (a) Adjective (b) Adverb (c) Noun

৫. **Adjective vs Abstract Noun:** আমরা জানি, যে Word দ্বারা কোনো Noun বা Pronoun এর দোষ, গুণ, অবস্থা ইত্যাদি বুঝায়, তাকে Adjective বলে। কিন্তু মনে রাখতে হবে, প্রত্যেকটা Adjective এর একটা নাম আছে। যেমন– 'সে সৎ' মানে হচ্ছে 'সততা নামের একটা গুণ তার মধ্যে আছে'। তাই 'সততা' হচ্ছে একটা নাম তথা Abstract Noun আর 'সৎ' হচ্ছে Adjective। Adjective থেকে Noun তৈরি হলে শব্দের শেষে .... তা যোগ হবে।

Honest (Adj) = সৎ => Honesty (N) = সততা

Cruel (Adj) = নিষ্ঠুর => Cruelty (N) = নিষ্ঠুরতা

অথবা প্রথম অক্ষরের মধ্যে কিছু পরিবর্তনসহ শব্দের শেষে য-ফলা (্য) যোগ হবে। যেমন–

Bright (Adj) = উজ্জ্বল => Brightness (N) = ঔজ্জ্বল্য, উজ্জ্বলতা

Poor (Adj) = দরিদ্র => Poverty (N) = দারিদ্র্য, দরিদ্রতা

**Tips:** যে কোন শব্দের আগে He/ It is ..... (সে/এটা হচ্ছে ……) যোগ করে শুদ্ধ মনে হলে, তা সাধারণত Adjective হবে। যেমন–

He is honest/ cruel/ punctual.

It is easy/difficult.

আর যে কোন শব্দের আগে He/ It has …… (তার/এটার আছে .......) যোগ করে শুদ্ধ মনে হলে, তা সাধারণত Noun হবে। যেমন–

He has honesty/kindness.

It has accuracy/difficulty.

# Exercise

**Identify the part of speech for each word in bold.**

| Sentence | Answer | | Sentence | Answer |
|---|---|---|---|---|
| **1.** **This** book belongs to me. | Adjective | | **2.** The gift that you sent **for** arrived today. | Preposition |
| **3.** **This** is what I wanted. | Pronoun | | **4.** He has nothing to cry **about.** | Preposition |
| **5.** **Many** students attended the lecture. | Adjective | | **6.** The boy **wearing** blue shorts is my brother. | Adjective |
| **7.** The cat is **beneath** the table. | Preposition | | **8.** **Seeing** the tiger, he ran away. | Adverb |
| **9.** The child spun **around**. | Adverb | | **10.** The elevator went **down**. | Adverb |
| **11.** He walked **across** the bridge. | Preposition | | **12.** He waited **till** evening. | Preposition |
| **13.** I waited **until** sunset. | Preposition | | **14.** The cat sleeps **under** the bed. | Preposition |
| **15.** I waited **until** she arrived. | Conjunction | | **16.** She is interested **in** and passionate about arts. | Preposition |
| **17.** Please come **near**. | Adverb | | **18.** He has no one to talk **to**. | Preposition |

| Sentence | Answer | | Sentence | Answer |
|---|---|---|---|---|
| **19.** He stayed **since** morning. | Preposition | | **20.** The girl whom you spoke **to** is my sister. | Preposition |
| **21.** He hasn't eaten **since** he fell ill. | Conjunction | | **22.** **Dancing** is her passion. | Noun |
| **23.** The cat jumped **through** the window. | Preposition | | **24.** The man **carrying** heavy bags needs help. | Adjective |
| **25.** I have no pencil to write **with**. | Preposition | | **26.** They went **abroad**. | Adverb |
| **27.** **What** are you looking for? | Pronoun | | **28.** **Those** belong to me. | Pronoun |
| **29.** The book **that** you asked for is here. | Pronoun | | **30.** **Several** of them were late. | Pronoun |
| **31.** She is fond **of** and grateful for his help. | Preposition | | **32.** Stay **behind**. | Adverb |
| **33.** He went **home**. | Adverb | | **34.** He worked **during** the summer. | Preposition |
| **35.** She arrived **yesterday**. | Adverb | | **36.** He slept **during** I studied. | Conjunction |
| **37.** Meet me **there**. | Adverb | | **38.** The dog ran **after** the cat. | Preposition |
| **39.** **Swimming** is good exercise. | Noun | | **40.** **What** did you search for? | Pronoun |
| **41.** I enjoy **reading** books. | Noun | | **42.** The house **that** you looked for is sold. | Pronoun |
| **43.** **To win** is his only goal. | Noun | | **44.** **To sleep** early is healthy. | Noun |
| **45.** The man **having** a red car is my uncle. | Adjective | | **46.** He is good **at** and dedicated to teaching. | Preposition |
| **47.** **Walking** home, I met an old friend. | Adverb | | **48.** I have nothing to write **with**. | Preposition |
| **49.** She wants **to study** abroad. | Noun | | **50.** The person whom you waited **for** has arrived. | Preposition |
| **51.** The students **and** teachers attended the event. | Conjunction | | **52.** **Singing** makes her happy. | Noun |
| **53.** He had arrived **before** I left. | Conjunction | | **54.** The child **playing** in the park is mine. | Adjective |
| **55.** Stand **beside**. | Adverb | | **56.** The girl **whom** you wrote to replied. | Pronoun |
| **57.** **These** books are mine. | Adjective | | **58.** She is skilled **in** and devoted to her craft. | Preposition |
| **59.** **Few** of us passed the test. | Pronoun | | **60.** **To travel** widely is her dream. | Noun |

# Lesson 1.4 — Parts of Speech সনাক্ত করার আরো কিছু নিয়ম

❖ **Noun :**

**1. Noun এর Function :**

a) Subject হিসেবে। যেমন–
Honesty is the best policy.
Swimming is a good exercise.

b) Object হিসেবে। Object তিন ধরনের হতে পারে। যেমন–
(i) Verb এর Object : They made a noise.
(ii) Preposition এর Object : It ends in failure.
(iii) Possessive Case এর Object: My success inspired them a lot.

c) Complement হিসেবে। Complement বলতে বুঝায় যা বাক্যের অসম্পূর্ণ অর্থকে সম্পূর্ণ করার জন্য Subject বা Object সম্পর্কে উদ্ভূত 'কী' প্রশ্নের উত্তর প্রদান করে। Complement দুই প্রকার। যথা–
i) Subjective Complement:
Beauty is truth. Health is wealth.
ii) Objective Complement:
We made him captain.

❖ আরেকটা বিষয় মনে রাখতে হবে, Complement হিসেবে Noun না হয়ে Adjective ও ব্যবহৃত হতে পারে। যেমন–
He is honest.
It made him nervous.
তাই Complement-টা Adjective না Noun এটা তার শব্দের উপরই নির্ভর করবে, বাক্যে ব্যবহারের উপর নয়।

d) Adjective যে Part of Speech কে Modify করবে তা অবশ্যই Noun হবে। a/an-Article গুলোও Adjective, তাই a/an কোন Part of Speech কে Modify করলে সেটাও অবশ্যই Noun হবে। যেমন– good hit, big no, a must

e) Adjective এর আগে The যোগ হয়ে ঐ গুণসম্পন্ন সকলকে সাধারণভাবে বুঝালে তা Noun এ পরিণত হয়। যেমন– The rich are not always happy.

**2. Verb থেকে Noun গঠন : Verb থেকে ৩ ভাবে Noun গঠিত হতে পারে।**

a) Verb+ing = doing (করা), flying (উড়া), swimming (সাঁতার/ সাঁতার কাটা)
যেমন– Stop doing. It started flying. Swimming is a good exercise.
প্রথম ও দ্বিতীয় বাক্যে Object হওয়ার কারণে এবং তৃতীয় বাক্যে Subject হওয়ার কারণে Verb + ing – Noun হিসেবে ব্যবহৃত হয়েছে।

b) to + verb = to swim (সাঁতার কাটা), to help (সাহায্য করা)
To swim is a good exercise.
I need to help him.
প্রথম বাক্যে Subject হওয়ার কারণে এবং দ্বিতীয় বাক্যে Object হওয়ার কারণে to + Verb – Noun হিসেবে ব্যবহৃত হয়েছে।

c) Noun এর আলাদা Form, যেমন- act => action (কাজ), die => death (মৃত্যু), live =>life (জীবন)
যেমন– Immediate action should be taken. Death is inevitable.

**3. Noun বা Pronoun ছাড়া অন্য কোন Part of Speech বাক্যের Subject হতে পারে না। তাই অন্য Part of Speech না বসিয়ে Subject এর জায়গায় Noun বসাতে হবে। যেমন–**

- (Honest/Honesty/Honestly) is the best policy.
=> Honesty is the best policy.
- (Swim/Swimming/Swum) is a good exercise.
=> Swimming is a good exercise.
- (Free/Freedom/Freely) is essential for human beings.
=> Freedom is essential for human beings.
- (Punctual/Punctuality/Punctually) is the key to success.
=> Punctuality is the key to success.

**4. Noun বা Pronoun ছাড়া অন্য কোন Part of Speech বাক্যের Object হতে পারে না। তাই অন্য Part of Speech, Object এর জায়গায় না বসিয়ে Noun বসাতে হবে। Object তিন ধরনের হতে পারে।**

a) Verb এর Object : They made a (noisy/ noise).
=> They made a noise.
b) Preposition এর Object : It ends in (fail/ failure).
=> It ends in failure.
c) Possessive Case এর Object: My (succeed/ success/ successful) inspired them a lot.
=> My success inspired them a lot.

**5. Preposition (যেমন– on, in, of, besides ইত্যাদি) এর পর Verb এর Noun Form বসে (Verb+ing (Gerund)/আলাদা Noun Form) বসে। যেমন–**

for (do) => for doing (করার জন্য)
of (eat) => of eating (খাওয়ার)
in (save) => in safety (নিরাপদে)

**6. তবে Preposition এর পর যদি Verb থাকে এবং Verb এর পর কোন Object অথবা Adverb থাকে, তাহলে অবশ্যই Verb+ing বসাতে হবে, Noun Form বসানো যাবে না। যেমন-**

for (close) the door
=> for closing the door (দরজাটি বন্ধ করার জন্য)
* for closure the door বলা যাবে না।
* তবে for closure of the door বলা যাবে।

**7. (a) The + Noun + of + Subject. যেমন–**
The (die) of the poet
=> The death of the poet
**(b) The + Noun + of + Object**
The (mix) of sugar
=> The mixture of sugar

❖ **No/Not :**

**8. (a) No + Noun (Proper Noun ছাড়া অন্য যে কোন Noun) যেমন– no entry, no book, no rice**
**(b) Not + Proper Noun, যেমন– not Kamal**
**(c) Not + Noun ছাড়া অন্য যে কোন Part of Speech. যেমন– do not go, not honest.**

**ব্যতিক্রম:** সাধারণত Emphasis বা জোর দেয়ার জন্য No sooner, No longer, No more ইত্যাদি Comparative Degree. যেমন– No sooner had I reached the station than the train left. No more today.

❖ **Adjective/ Adverb:**

**9. যদি কোন শব্দ Noun বা Pronoun এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি বুঝায়, তবে তা হবে Adjective. যেমন–**

The man is guilty.
Jashim is a good student.
He is well.
Three hundred people died in the war.
A lot of students were present in the class.

**10. যদি কোন শব্দ Noun বা Pronoun ছাড়া অন্য যে কোন শব্দ বা বাক্যের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ, স্থান, কাল, ধরন, মাত্রা ইত্যাদি বুঝায়, তখন তাকে Adverb বলে। যেমন–**

He works hard.
He is very honest.
He went there.
He came yesterday.
He hit the ball beautifully.
He went laughing.
Mother is severely/very ill.

**11. Verb থেকে ৩ ভাবে Adjective গঠিত হতে পারে।**

a) Verb+ing = flying (উড়ন্ত), falling (পড়ন্ত)
যেমন– I saw a flying bird. He is a falling star.

b) Verb এর Past Participle = deprived (বঞ্চিত), polluted (দূষিত)
যেমন– Deprived people often violates the rules. Polluted water should not be drunk.

c) Adjective এর আলাদা Form, যেমন– act => active (সক্রিয়), die = dead (মৃত)
যেমন– He is an active member of the party. It is dead now.

**12. Verb এর বাংলা অর্থের মধ্যে যদি --ন্ত, --মান, যে (করে) ইত্যাদি থাকে, তাহলে Verb এর সাথে ing যোগ হয়ে Adjective হবে। যেমন– উড়ন্ত = flying, উদীয়মান = rising, যে হাঁটে = walking.**

I saw a (fly) bird.
=> I saw a flying bird.
The (rise) sun is seen.
=> The rising sun is seen.
The man (walk) along the street is a millionaire.
=> The man walking along the street is a millionaire.

গণিত/বিজ্ঞান/দর্শনের ৫ পৃষ্ঠার একটি জটিল অধ্যায় আয়ত্ব করা আর ৫০ পৃষ্ঠার একটি গল্প পড়ার মধ্যে আপনি কোনটি বেছে নিবেন? উত্তরটা নিশ্চয়ই .....। এখানে আমরা অনেক জটিল বিষয়কে শিশুতোষ গল্পের মত উপস্থাপন করব, যেভাবে জনাথান সুইফট তার বিখ্যাত Gulliver's Travels এর মধ্যে তৎকালীন রাজনীতি, কূটনীতি, ধর্মীয় গোঁড়ামী ইত্যাদিকে শিশুতোষ গল্পের মত উপস্থাপন করেছেন। এতে আলোচনা একটু লম্বা হলেও আমার বিশ্বাস, আপনার শিখনফলটা অনেক কার্যকর ও টেকসই হবে।

❖ **অতি জরুরি কথা :** Right Form of Verb একটি অতি গুরুত্বপূর্ণ ও একটি বিশাল অধ্যায়। শতাধিক Rule এর এ অধ্যায়টি আয়ত্ব করা একজন শিক্ষার্থীর জন্য কষ্টকর এবং বিরক্তিকর। অনেকে মোটামুটি উত্তর করতে পারলেও আত্মবিশ্বাসের সাথে করতে পারে না। আর যেখানে নেগেটিভ মার্কিং থাকে, সেখানে .....।
অভিনব সব Technique দিয়ে তাই আমরা সাজিয়েছি আমাদের এ অধ্যায়টি। প্রথমেই আমরা দেখিয়েছি কত সব Angle থেকে Right Form of Verb কে দেখতে হয়। তারপর প্রতিটি Angle অনুযায়ী Rule গুলোকে আমরা সাজিয়েছি।
অনেকেই আছে নতুন কিছু সহ্য করতে পারে না। তাই ভাঙ্গা রাস্তা মেরামতের জন্য আরো যদি ভাঙতে হয়, তারা সেটা মেনে নিতে পারে না। কিছুদিনের কষ্ট সহ্য করলে দীর্ঘদিনের জন্য যে ভালো উন্নত প্রশস্ত রাস্তা পাওয়া যাবে, এটা তারা ভুলেও মনে করে না।
এ রকম নেতিবাচক চিন্তা আপনার থাকলে তা ঝেড়ে ফেলে দিয়ে নতুনত্বকে সহজে গ্রহণ করে Rule গুলো যদি পড়তে পারেন, তাহলে দেখবেন Right Form of Verb আপনার হাতের মুঠোয় চলে এসেছে।

❖ **Warm up :**
**৫ অন্ধের হাতি দেখা :** অন্ধের হাতি দেখার গল্প আশা করি সবাই জানেন। হাতি দেখতে গিয়ে ৫ অন্ধের একজন হাতির লেজ স্পর্শ করে বলল হাতি চাবুকের মত। আরেকজন হাতির পায়ে হাত দিয়ে বলল হাতি পিলারের মত। আরেকজন হাতির পেটের দিকে হাত দিয়ে বলল হাতি দেয়ালের মত। চতুর্থ জন হাতির কান ছুঁয়ে বলল হাতি কুলার মত। আর সর্বশেষ জন হাতির দাঁত স্পর্শ করে বলল হাতি মুলার মতন।
একইভাবে Right Form of Verb এর ক্ষেত্রে দেখা যায়, অনেকেই Verb এর সকল দিক একসাথে খেয়াল করতে পারে না এবং সঠিক উত্তর দিতে ব্যর্থ হয়। তাই আমাদের প্রথম কাজ হবে Verb কে সঠিকভাবে বসাতে হলে কতটি Angle থেকে Verb কে বিবেচনা করতে হয় সেটা বের করা। স্বর্ণকার যেভাবে Touchstone বা কষ্টিপাথর দিয়ে স্বর্ণ খাঁটি না মেকি সেটা যাচাই করে, আমরাও এরকম Touchstone তৈরি করব Verb এর জন্য, যা দিয়ে আমরা Verb এর সঠিকতা যাচাই করতে পারব।

- **Now, think of the following sentence and use the right form of verb.**
  **Q: “Siraj-Ud-Daula (kill) in 1757?”**
  a) Siraj-Ud-Daula kills in 1757?
  b) Siraj-Ud-Daula is killed in 1757?
  c) Siraj-Ud-Daula killed in 1757?
  d) Siraj-Ud-Daula were killed in 1757?
  e) Siraj-Ud-Daula was killed in 1757?
  f) None of above.

**লক্ষ্য করুন-**

(a) এবং (b) হচ্ছে Present Indefinite Tense কিন্তু ‘in 1757’ নির্দেশ করছে যে, Sentence টি হবে Past Indefinite Tense.

(c)-তে আমরা Past Tense ঠিকই ব্যবহার করলাম, কিন্তু সমস্যা হয়ে গেল- তখন অর্থ দাঁড়াবে- সিরাজ উদ-দৌলা হত্যা করেছিলেন। যেহেতু Siraj-Ud-Daula হত্যা করেন নি, তিনি নিহত হয়েছিলেন, তাই বাক্যটি Passive Voice-এ হওয়া বাঞ্ছনীয়।

(d)-তে আমরা Passive ঠিকই ব্যবহার করলাম, কিন্তু ভুল হয়ে গেল Auxiliary Verb ব্যবহারে। যেহেতু Siraj-Ud-Daula- Third Person, Singular Number তাই এখানে were ব্যবহার না করে ব্যবহার করতে হবে was.

(e) তে আমরা উপরের সবকিছু ঠিক করে দিলাম। তারপরও বাক্যটি ভুল। কেন? .....? কারণ বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন দেওয়া আছে, যা বুঝাচ্ছে বাক্যটি Interrogative Sentence. আর Interrogative Sentence -এ Subject এর পূর্বে Auxiliary Verb ব্যবহার করতে হয়।

(f) অতএব, সঠিক উত্তর (f)

আর সঠিক বাক্য হবে Was Siraj-Ud-Daula killed in 1757?

**Q : Mir Jafor became the Nowab after Siraj-Du-Daula (die).**

(a) dies (b) was died
(c) died (d) had died

এখানে,

(a) ভুল, Present Tense দেওয়ার কারণে।

(b) ভুল, Passive Voice দেওয়ার কারণে। কারণ die একটি Intransitive Verb, যা কখনো Passive Voice এ ব্যবহৃত হয় না।

(b) ও (c) ভুল Past Indefinite Tense দেওয়ার কারণে।

(d) ‘after’- Conjunction এর প্রথম অংশ Past Indefinite Tense হলে শেষের অংশ হবে Past Perfect Tense - এ হিসেবে had died দিলেই বাক্যটি শুদ্ধ হবে। অতএব, সঠিক উত্তর - (d)।

উপরের বাক্য ২টিতে আমরা দেখলাম যে, একটি Verb কে শুদ্ধ করে লিখতে হলে অনেক কিছু খেয়াল করতে হয়। এত কিছু একসাথে খেয়াল করা কি সম্ভব? কী কী জিনিসইবা খেয়াল করতে হবে? অনেক সময়ই আমরা অন্ধের হাতি দেখার মত একটা দিক লক্ষ্য করি, অন্য আরো অনেক দিক বাদ পড়ে যায়।

**সমাধান হল- BNP TV**

এটা কোন রাজনৈতিক দলের দলীয় টেলিভিশন নয়, বরং এখানে-

B = Background N = Number
P = Person T = Tense
V = Voice

সাধারণত একটি বাক্যের Structure হচ্ছে- Subject + Verb + Object

এই Structure এর ভেতরে Verb বসানোর সময় আমাদের খেয়াল রাখতে হবে- N P T V

অর্থাৎ- Number, Person, Tense ও Voice.

আর এ Structure এর বাইরে যা কিছু Verb কে প্রভাবিত করবে সবগুলোকে একত্রে আমরা বলব- Background বা পটভূমি।

❖ **Background :** বিভিন্ন অফিসে টেবিলের নিচ দিয়ে যেসব কর্মকাণ্ড সংঘটিত হয়, সেগুলো খুঁজে বের করার জন্য আছে ACC (Anti-Corruption Commission)।
ঠিক একইভাবে বাক্যের সাধারণ গঠনের (Subject + Verb + Object) বাইরে Verb কে অন্য কিছু প্রভাবিত করছে কি না সেটা খুঁজে বের করার জন্য আমাদের প্রয়োজন ACC।

❖ **Background/ ACC ৩টি জিনিসকে অন্তর্ভুক্ত করবে–**
(1) A : Adverb of Time যেমন প্রথম বাক্যে ‘in 1757’.
(2) C : Classification of Sentence যেমন প্রথম বাক্যে ‘?’
(3) C : Conjunction যেমন- ২য় বাক্যে 'after'.

## Previous Job Questions

1. **'Subject-Verb Agreement' refers to-** *[33rd BCS]*
ⓚ person only ⓛ number, person and gender
ⓜ number and person ⓝ number only **উ.** গ

**ব্যাখ্যা :** আমাদের Touchstone BNPTV (Background, Number, Person, Tense, Voice) অনুযায়ী Number and Person- ই সঠিক। Gender এর কারণে Verb এর মধ্যে কোনো পরিবর্তন হয় না।

# Lesson 1.2 Magical Subject-Verb Agreement

## NP : Number & Person (Singular/Plural)

✪ Subject-Verb Agreement বলতে বুঝায়, একই Tense এর ভেতরে Subject এর Number Person এর ভিন্নতা অনুযায়ী Verb শুদ্ধ করে বসাতে হয়।

Number Person এর উপর ভিত্তি করে ৫ ধরনের Verb এর পরিবর্তন হয়।

1. am/is/are
2. was/were
3. have/has
4. shall/will
5. do/does, go/goes, eat/eats ইত্যাদি।

কিন্তু Subject এর Number Person নির্ণয় করা সব সময় সহজ কাজ নয়। কোনো সময় এটা খুবই জটিল। তাই আনন্দের সাথে এ জটিল বিষয়কে শেখার জন্য আমরা যাদু বিদ্যার সাহায্য নেব।

মনে করুন, আপনি এখন TV-তে আলিফ লায়লা দেখছেন। আলিফ লায়লায় যাদুকর তার যাদুর কাঠি নিয়ে যাদু দেখাচ্ছে। আপনারও কল্পনা হলো, আপনি যাদুকর হলে কত কিছু করতে পারতেন। অথবা আপনি যদি ক্রিস্টফার মার্লোর ড. ফস্টাস পড়ে থাকেন বা এর কাহিনী শুনে থাকেন, তাহলে ফস্টাসের মত কল্পনা করুন, যাদুর সাহায্যে কত কিছু করা যায়। এবার আপনার এই কল্পনাকে কাজে লাগান Subject-Verb Agreement এর কাজ করার ক্ষেত্রে।

❖ **ব্যবহৃত Magic :**

1. Banishing Art (নির্বাসনে পাঠানো বা মন থেকে মুছে ফেলা)
2. Squeezing the World into a Ball (পৃথিবীকে চেপে বলে পরিণত করা)।

# Lesson 1.2(a) Magic-1 : Banishing Art

❖ **What is Banishing Art?**

মনে করুন, অহংকারী আবির স্বর্ণের একটি চেয়ারের মধ্যে বসে আছে। সাধারণ মানুষকে তুচ্ছ-তাচ্ছিল্য করছে। এখন আপনি আপনার যাদুর মন্ত্র দিয়ে আপনার Banishing Art প্রয়োগ করে চেয়ারটা উধাও করে ফেললেন। এখন দেখা যাবে মাটির মানুষ আবির মাটিতে বসে আছে। অহংকার দূর হয়েছে। মানুষকে মানুষের মতো সম্মান দিচ্ছে।

হ্যাঁ, Banishing Art ঠিক এ রকম যাদুর মতোই। আমরা প্রায়ই দেখি, বাক্যের মধ্যে সব সময় Subject একটি শব্দে থাকে না, কয়েকটি শব্দ মিলে গঠিত হয়। যেমন–

<u>The colour of the mangoes</u> (is/are) green.

এ শব্দগুচ্ছের মধ্যে আবার দেখা যায় কোনো Word - Singular (যেমন এখানে colour) আবার কোনো Word - Plural (যেমন এখানে mangoes)। তখন Subject টি Singular না Plural এটা নিয়ে সমস্যা তৈরি হয়। তখন যদি আপনি আপনার যাদুশক্তি দিয়ে একটি শব্দ রেখে বাকি সবগুলোকে মনে থেকে মুছে দিতে পারেন, তাহলে আপনার কাজ অনেক সহজ হয়ে যাবে।

আপনি অবশ্যই জানেন, যে কোন প্রতিষ্ঠানেরই একজন প্রধান থাকেন। যেমন– কলেজের ক্ষেত্রে প্রিন্সিপাল, ব্যাংকের ক্ষেত্রে ম্যানেজার, স্কুলের ক্ষেত্রে Headmaster, ঠিক একই ভাবে Subject এর মধ্যে কয়েকটি Word থাকলেও তাদের মধ্যে একটি Head-word থাকে এবং এ Head-word অনুযায়ীই Verb (Singular/plural) বসাতে হয়।

আবার কোন সময় Subject ও Verb এর মাঝখানে অন্য শব্দ বা শব্দসমষ্টি থাকার কারণে Verb কে Subject অনুযায়ী বসাতে ভুল হয়ে যায়। যেমন–

<u>The person</u> they like most (is/are) their father.

এখানে ‘they like most’ Subject (The person) এবং Verb (is/are) এর মাঝখানে চলে আসায় এবং এর মধ্যে they থাকায় সঠিক Verb বসাতে ভুল হওয়ার সম্ভাবনা আছে।

এ ২টা অবস্থার মতো আরো অনেক অবস্থা বা নিয়ম আছে যেগুলোতে Verb বসানোর ক্ষেত্রে আমরা অনেক সমস্যায় পড়ি। অনেক সময় জানাশুনা থাকা সত্ত্বেও আমরা ভুল করি। কিন্তু এসব ক্ষেত্রে Banishing Art ব্যবহার করলে আমাদের কাজ অনেক সহজ হয়ে যাবে, Subject ও Verb এর দূরত্ব দূর হবে, Verb বসাতে ভুলের সম্ভাবনা অনেক কমে যাবে।

❖ **সংক্ষিপ্ত আলোচনা : Banishing Art এর এই যাদুটি আমরা ৬টি ক্ষেত্রে প্রয়োগ করব।**

1. Phrase বা শব্দগুচ্ছের ক্ষেত্রে Subject এর Head-word নির্ণয়ে।
2. Adjective Phrase, Adjective Clause, Adverb, Adverb Phrase, Adverb Clause– Subject ও Verb এর মাঝখানে থাকলে।
3. [Or (অথবা/নতুবা), (None, Nothing ইত্যাদির পর) But (কিন্তু/ছাড়া), Either .....or....(দুইয়ের মধ্যে একজন), Neither ...... nor .... (দুইয়ের মধ্যে একজন ও না), Not only ..... but also ..... (কেবল এটিই নয় সেটিও)] এই পাঁচটির যে কোন একটি দ্বারা যুক্ত একাধিক Subject এর ক্ষেত্রে।
4. (a) As well as, with, along with, together with, accompanied by, followed by, in addition to etc. [এদের সবগুলোই "এবং" বা এ রকম অর্থে ব্যবহৃত হয়] এদের দ্বারা যুক্ত একাধিক Subject এর ক্ষেত্রে।
   (b) And not/no দ্বারা যুক্ত দুটি Subject এর ক্ষেত্রে।
5. Each, every, no, one of, none, any এগুলো Subject এর মধ্যে থাকলে।
6. Relative Pronoun & Relative Clause এর ক্ষেত্রে।

## বিস্তারিত আলোচনা

❖ **Banishing Art :**

**Rule-1 :** Phrase বা শব্দগুচ্ছের ক্ষেত্রে Subject এর Head-word নির্ণয়:

Phrase বা শব্দগুচ্ছের ক্ষেত্রে Head word বের করতে হলে নিম্নের ধাপগুলো অনুসরণ করুন।

(a) Phrase টিকে বাংলায় অনুবাদ করুন,
(b) অনূদিত অংশের শেষ শব্দটি কী দেখুন,
(c) শেষ শব্দের ইংরেজি প্রতিশব্দটি বের করুন,

এ ইংরেজি শব্দটিই Head-word. অতএব, বাকি সব হাওয়ায় উড়িয়ে দিন আপনার যাদুর অপরিসীম বল দিয়ে।

**উদাহরণ :**

The colour of these mangoes (be) green. (এ আমগুলোর রং সবুজ)। লক্ষ্য করুন, এখানে কার সম্পর্কে কথা বলা হচ্ছে। অর্থাৎ Subject কোনটি? অবশ্যই এখানে "The colour of the mangoes" (আমগুলোর রং) সম্পর্কে বলা হচ্ছে যে এগুলো Green বা সবুজ। Subject এর মধ্যে এতগুলো শব্দ, পাশাপাশি Verb এর ঠিক আগেই mangoes এসেছে যা Plural, তাহলে কি Verb টি Plural হবে?

এতো চিন্তা করার কারণ নেই। উপরে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন, তাহলেই ব্যাপারটি সহজ হয়ে যাবে।

(a) The colour of the mangoes অর্থ হলো <u>আমগুলোর রং</u>।
(b) অনূদিত অংশের শেষ শব্দটি হচ্ছে <u>রং</u>।
(c) রং এর ইংরেজি প্রতিশব্দ হচ্ছে <u>colour</u>

এখন এই colour শব্দটিই তাহলে Head word. এখন তাহলে যাদু দিয়ে বাকি শব্দগুলো হাওয়ায় উড়িয়ে দিন। আর colour যেহেতু Singular তাই বাক্যের Verb টিও Singular-ই হবে।

অতএব,

In**Correct :** The colour of the mangoes are green.

Correct : {The} colour {of the mangoes} <u>is</u> green. [Colour ছাড়া Subject এর বাকি অংশ আমরা নাই মনে করলাম। আর colour যেহেতু Singular, তাই আমরা Verb কে Singular বসালাম।]

❖ **একইভাবে Practice করুন :**

1. The honesty of these men (be) known to all.
   (এ লোকগুলোর সততা সবার জানা।)
2. The trees of this area (be) very tall.
   (এ এলাকার গাছগুলো অনেক লম্বা।)
3. A number of students (be) present.
   (একদল ছাত্র উপস্থিত আছে।)
4. The number of his mistakes (be) immeasurable.
   (তার ভুলের সংখ্যা অপরিমেয়।)
5. Every year a lot of children (die) of cholera.
   (প্রতিবছর অনেক শিশু কলেরায় মারা যায়।)
6. <u>Many a man</u> (die) by accident every day.
   (প্রতিদিন <u>অনেক মানুষই</u> দুর্ঘটনায় মারা যায়।)

**Answer :** (1) is (2) are (3) are (4) is (5) die (6) dies

❖ **Note :**

**Rule-1.1** : Many এর পরে Noun/Pronoun ও Verb-plural হয়। কিন্তু Many a/an এর পর Noun/Pronoun ও Verb-Singular হয়। বাংলা অর্থে ই-প্রত্যয় যোগ হয়। যেমন–

(a) Many students (fail) in English.
(b) Many a student (fail) in English.

**Answer :** (a) fail (b) fails

**Rule- 1.2** : A number of এর পরে Noun/Pronoun ও Verb-plural হয়। কিন্তু The number of এর পর Noun/Pronoun-Plural হয় কিন্তু Verb-Singular হয়। কারণ A number of (কিছু সংখ্যক) হচ্ছে একটি Determiner যা Subject এর Head word হওয়া সম্ভব নয়। অন্যদিকে The number of (কোন কিছুর সংখ্যা) বললে number টাই subject এর Head word হচ্ছে। যেমন–

(a) A number of robbers (be) arrested.
(b) The number of robbers (be) seven.

**Answer :** (a) were (b) was

❖ **Banishing Art :**

**Rule-2 :** Adjective Phrase, Adjective Clause, Adverb, Adverb Phrase, Adverb Clause-Subject ও Verb এর মাঝখানে থাকলে, এগুলোকে Banishing Art দিয়ে Banish করে দিতে হবে, তখন Subject ও Verb কাছাকাছি হয়ে যাবে এবং Verb বসাতে ভুলের সম্ভাবনা কমে যাবে।

**উদাহরণ :**

**The bird flying in the sky (look) very beautiful.**

=> The bird {flying in the sky} (look) very beautiful.

=> The bird {flying in the sky} looks very beautiful.

**Exercise :**

1. The birds which fly in the sky (look) very beautiful.
2. He always (speak) the truth.
3. He never (tell) lies.
4. He, with a view to making his plan successful, (flatter) me then.
5. The man, if works hard, (suppose) to prosper in life.

**Answer :** (1) look (2) speaks (3) tells (4) was flattering (5) is supposed

❖ **Banishing Art:**

**Rule-3 :** যদি দুটো Subject [Or (অথবা/নতুবা), But * (কিন্তু/ছাড়া), Either .....or....** (দুইয়ের মধ্যে একজন), Neither ...... nor .... (দুইয়ের মধ্যে একজন ও না), Not only.....but also..... (কেবল <u>এটিই</u> নয় <u>সেটিও</u>)] এই পাঁচটির যে কোন একটি দ্বারা যুক্ত হয়, তাহলে শেষের Subject অনুযায়ী verb বসবে এবং আগের অংশ যাদু দিয়ে উধাও করে দিতে হবে।

1. Kamal or Jamal (be) absent.
   (কামাল অথবা জামাল অনুপস্থিত)
   {Kamal or} Jamal <u>is</u> absent.
2. None but Allah (help) us.
   (আল্লাহ ছাড়া আর কেউ আমাদের সাহায্য করেন না।)
   {None but} Allah <u>helps</u> us.
3. None but the graduates (be) allowed to apply for the post.
   (বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীধারী ছাড়া আর কাউকে পদটির জন্য আবেদনের সুযোগ দেয়া হয় না অর্থাৎ শুধু গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন।)
   {None but} the graduates are allowed to apply for the post.

**Exercise :**

4. Either Kamal or his brothers (do) the work.
   (কামাল অথবা তার ভাইয়েরা কাজটি করে।)
5. Neither the sun nor the moon (be) visible.
   (সূর্য বা চাঁদ কোনটিই দেখা যায় না।)
6. Not only the headmaster but also the other teachers (be) present in the meeting.
   (কেবল প্রধান শিক্ষক নয় বরং অন্যান্য শিক্ষকরাও মিটিংয়ে উপস্থিত ছিলেন।)
7. He or his mother (have) done the work.
   (সে অথবা তার মা কাজটি করেছে।)
8. Neither the moon nor the stars (be) seen.
   (চাঁদ অথবা তারকাগুলোর কোনটাই দেখা যাচ্ছে না।)
9. Not only Kamal but also his friends (be) invited yesterday.
   (কেবল কামাল নয় বরং তার বন্ধুদেরও গতকাল আমন্ত্রণ জানানো হয়েছিল।)
10. None but he (be) punished.

(সে ছাড়া কাউকে শাস্তি দেয়া হয় নি।) ['ছাড়া' অর্থে ব্যবহৃত হলেও Negative শব্দের পরে but থাকলে সেটা Conjunction হিসেবেই বিবেচিত হয় এবং but এর পরের শব্দ অনুযায়ী Verb বসে।]

**Answer :** (4) do (5) is (6) were (7) has (8) are (9) were (10) was

**Rule-3.1* :** but (ছাড়া অর্থে) Preposition হিসেবে ব্যবহৃত হয় এবং স্বাভাবিকভাবে Preposition এর পরের অংশ দ্বারা কখনো Verb নিয়ন্ত্রিত হয় না, বরং তার আগের অংশ অনুযায়ী Verb বসবে। যেমন–

Inc : All but one was killed.
Cor : All but one were killed.
(একজন ছাড়া সবাইকে হত্যা করা হলো।)

Inc : Everyone but nine were killed.
Cor : Everyone but nine was killed.
(নয়জন ছাড়া প্রত্যেককেই হত্যা করা হয়েছিল।)

কিন্তু Negative এর পরে but আসলে এটা বাংলায় 'ছাড়া' অর্থে ব্যবহৃত হলেও, এটাকে Conjunction ধরা হয় এবং but এর পরের অংশ অনুযায়ী Verb বসে। যেমন– ২ ও ৩নং উদাহরণ।

**Rule-3.2** :** Either ... or, Neither .... nor, Not only ..... but also এর সাথে দুটো Noun/Pronoun এর মধ্যে একটি Singular ও অন্যটি Plural হলে সাধারণত Singular টি আগে ও Plural টি পরে বসে এবং পরেরটি অনুসারেই Verb বসে। যেমন–

Inc : Neither the stars nor the moon is seen.
Cor: Neither the moon nor the stars are seen.

❖ **Banishing Art :**

**Rule-4 :** সাধারণত And দ্বারা দুটি শব্দকে যুক্ত করলে তা Plural Noun হিসেবে ব্যবহৃত হয়। যেমন–

Kamal is a good boy. (Singular)

Kamal and Jamal are two brothers. (Plural)

**কিন্তু-**

- যদি দুটি Subject – as well as, with, along with, together with, accompanied by, followed by, in addition to, including etc. (এদের সবগুলোই "এবং" এর মত অর্থ দেয়), ইত্যাদি Word (শব্দ) বা Phrase (শব্দগুচ্ছ) দ্বারা যুক্ত হয়, তাহলে প্রথম Subject কে রেখে Verb এর আগ পর্যন্ত সবকিছু আমরা প্রবল পরাক্রান্ত Banishing Art দিয়ে হাওয়ায় মিলিয়ে দিব।
- And দিয়ে যুক্ত দুটি Subject যদিও Plural-indicate নির্দেশ করে, কিন্তু And এর পরে যদি not থাকে অর্থাৎ and not থাকে তাহলে and not সহ তার পরের অংশ আমরা banish করে দিব। একই রকম except, excluding (ব্যতিত)।

**উদাহরণ :**

**Jamal as well as his brothers (have) done the work.**

⇨ Jamal {as well as his brothers} (have) done the work.

⇨ Jamal {as well as his brothers} has done the work.

**Exercise :**

1. Kamal accompanied by his friends (be) coming tomorrow.
2. Two books in addition to a pen (be) given to each of them.
3. Jamal and not his parents (be) responsible for this misdeed.
4. All the students except Robin (be) present in the class.

**Answer :** (1) is (2) were (3) is (4) were

❖ **Banishing Art :**

**Rule-5 :** Subject এর মধ্যে যদি each , every, any, no, none, someone, somebody, something, nothing, one of ইত্যাদি যদি থাকে, তাহলে চোখ বন্ধ করে একটা ফুঁ দিয়ে এগুলো রেখে বাকি সব বাতাসে উড়িয়ে দিন। এগুলো যেহেতু Singular তাই Verb ও Singular বসান। এমনকি and দ্বারা কয়েকটি each/every/no যুক্ত হয়ে থাকলেও আপনি Verb কে Singular ই বসাবেন।

**উদাহরণ :**

**Each boy and each girl of this class (be) meritorious.**

Each boy and each girl of this class is meritorious.

**Exercise:**

1. Every man and every woman (have) to die.
2. There (be) no bird and no animal in that place.
3. One of the students (have) answered the question.
4. Each of the teachers (appreciate) him**.**

**Ans :** (1) has (2) is (3) has (4) appreciates

**Rule-5.1:** Each of, one of, anyone of ইত্যাদির পরের Noun টি Plural থাকে। কিন্তু verb Singular হয়। (উদাহরণ : ৩, ৪)

**Rule-5.2:** No এর পরে Plural শব্দ থাকলে Subject-Plural ধরতে হবে এবং Verb – Plural বসবে। যেমন–

(a) No birds (be) seen.
    No birds were seen.

(b) There (be) no birds in that place.
    There were no birds in that place.

**Rule-5.3:** None সাধারণত একবচন বা বহুবচন উভয়ভাবেই ব্যবহৃত হতে পারে। এটি নির্ভর করে এটি কোন noun কে নির্দেশ করছে। যেমন–

I'm always looking for **inspiration. None** ever **comes**.

She's always looking for **ideas. None** ever **come**.

- আর None of যদি কোনো Singular Noun বা Uncountable Noun কে নির্দেশ করে, তাহলে singular verb ব্যবহার করতে হবে। যেমন–
  None of the **information is** accurate.
  None of the **cake is** left.
- যখন None of কোনো Plural Noun কে নির্দেশ করে, তখন plural verb ব্যবহার করতে হবে। যেমন–
  None of the **students are** late.
  None of my **friends are** coming.

❖ **Banishing Art :**

**Rule-6 :** (Relative Pronoun) :

**পূর্বজ্ঞান :**

**Relative Pronoun :** Who (যে, যারা), whom (যাকে, যাদেরকে), whose (যার, যাদের), what (যা, যেগুলো), which (যা, যেগুলো) that (যা, যে, যারা, যেগুলো), but (যে না, যা না)।

▪ এই শব্দগুলো যদি তার পূর্ববর্তী শব্দকে নির্দেশ করে, তখন তাদেরকে Relative Pronoun বলে। যেমন–

I saw some boys who were playing football.

আমি কিছু বালককে দেখেছিলাম যারা ফুটবল খেলছিল।

এখানে Who শব্দটি তার পূর্ববর্তী শব্দ Boys কে নির্দেশ করেছে। কিন্তু Who are you? এখানে Who কোন Relative Pronoun নয় কারণ এখানে Who দ্বারা তার পূর্বের কোন শব্দকে নির্দেশ করা হচ্ছে না। এখানে who টি হচ্ছে Interrogative Pronoun.

- উপর্যুক্ত শব্দগুলো দিয়ে শুরু করে যে clause (খণ্ডবাক্য) তৈরি হবে তাকে Relative Clause বলে। যেমন– আগের বাক্যে who were playing football অংশটুকু হচ্ছে Relative clause.

আমাদের যাদু বিদ্যার ৬ষ্ঠ কাজ হচ্ছে, Relative Pronoun এবং Relative clause দুটোকেই একটি একটি করে হাওয়ায় মিলিয়ে দিতে হবে এবং Relative Pronoun এর আগের Noun বা Pronoun অনুযায়ী Verb বসাতে হবে। যেমন :

**(1) I saw some boys who (be) playing football.**
I saw some boys ~~who~~ were playing football.

**(2) It is I who (have) done the work.**
It is I ~~who~~ have done the work .

**(3) Akash who (be) a beggar (beg) from door to door.**
Akash (~~who~~ is a beggar) begs from door to door.

এখানে প্রথমে who টাকে Banish করে 'be' verb এর আগের Noun- Akash অনুযায়ী is বসাতে হবে। তারপর who is a beggar এই পুরো clause টাকে Banish করে দিতে হবে। এখন থাকল Akash (beg), যেহেতু Akash - Third Person, Singular number, অতএব beg এর সাথে s যোগ করতে হবে অর্থাৎ begs দিতে হবে।

**Rule-6.1:** Relative Pronoun এর পরে অন্য কোন Subject থাকলে Relative Pronoun কে আর banish করার দরকার নেই। যেমন–

My father is the person whom I (like) most.
My father is the person whom I like most. (Subject = I)

তবে Relative Clause এর পরে যদি কোন Verb থাকে, তাহলে Relative Clause কে Banish করে এর আগের Noun/Pronoun অনুযায়ী Verb বসাতে হবে। যেমন–

The person whom I like most (be) my father.
The person {whom I like most} is my father. (Subject = The person)

**Rule-6.2 :** Relative Pronoun Object হলে এবং এর পরে অন্য কোন Subject থাকলে Relative Pronoun উহ্যও থাকতে পারে।

The person I like most is my father.
যা মূলত ছিল The person whom I like most is my father.
The pen I lost was writing well.
যা মূলত ছিল The pen which I lost was writing well.

## ❖ Summary : Banishing Art এর এই যাদুটি আমরা ৬টি ক্ষেত্রে প্রয়োগ করব।

| | কাজ | Exercise | Answer |
|---|---|---|---|
| 1) Phrase বা শব্দগুচ্ছের ক্ষেত্রে Subject এর Head-word নির্ণয়ে। | Head-word ছাড়া বাকি সব বাদ দিয়ে Head-word অনুযায়ী Verb বসাতে হবে। | The colour of the mangoes (be) green. | → is |
| 2) Adjective Phrase, Adjective Clause, Adverb, Adverb Phrase, Adverb Clause– Subject ও Verb এর মাঝখানে থাকলে। | এগুলো মনে মনে বাদ দিয়ে Subject এর উপর Focus করতে হবে এবং Subject অনুযায়ী Verb বসাতে হবে। | The birds which fly in the sky (look) very beautiful. | → look |
| 3) [Or (অথবা/নতুবা), (None, Nothing ইত্যাদির পর) But (কিন্তু/ছাড়া), Either .....or....(দুইয়ের মধ্যে একজন), Neither ...... nor .... (দুইয়ের মধ্যে একজন ও না), Not only ..... but also ..... (কেবল এটিই নয় সেটিও)] এই পাঁচটির যে কোন একটি দ্বারা যুক্ত একাধিক Subject এর ক্ষেত্রে। | শেষের Subject অনুযায়ী Verb বসাতে হবে। | Neither the moon nor the stars (be) seen. | → are |
| 4) (a) As well as, with, along with, together with, accompanied by, followed by, in addition to etc. [এদের সবগুলোই "এবং" বা এ রকম অর্থে ব্যবহৃত হয়] এদের দ্বারা যুক্ত একাধিক Subject এর ক্ষেত্রে। | প্রথম Subject অনুযায়ী Verb বসাতে হবে। | Jamal as well as his brothers (have) done the work. | → has |
| (b) And not/no, excluding, except দ্বারা যুক্ত দুটি Subject এর ক্ষেত্রে। | প্রথম Subject অনুযায়ী Verb বসাতে হবে। | Jamal and not his parents (be) responsible for this misdeed. | → is |

| | কাজ | Exercise | Answer |
|---|---|---|---|
| 5) Each, every, no, one of, any এগুলো Subject এর মধ্যে থাকলে। | এগুলোকে Head-word ধরতে হবে এবং এ হিসেবে Subject-Singular ধরতে হবে। | Each boy and each girl of this class (be) meritorious. | → is |
| 6) Relative Pronoun & Relative Clause এর ক্ষেত্রে। | Relative Pronoun এর সাথে সম্পর্কিত পূর্বের Noun/Pronoun (Antecedent) অনুযায়ী Verb বসাতে হবে। | Akash who (be) a beggar (beg) from door to door. | → is, begs |

# Lesson 1.2(b) Magic-2 : Squeezing the World into a Ball

✪ **কবি কাজী নজরুল ইসলাম বলেন :**
"বিশ্ব জগৎ দেখব আমি আপন হাতের মুঠোয় পুরে"।
এখন এত বড় বিশ্বকে হাতের মুঠোয় পুরতে হলে অবশ্যই একে একটি টেনিস বলে পরিণত করতে হবে।
ঠিক এভাবে একটি বিশাল Subject কে একটি বলের মত বা এক টুকরো ইটের (It) মত মনে করতে হবে। অর্থাৎ– It এর মত Singular ধরতে হবে।

❖ **Squeezing - 1 :** Each, every, one of, any এই শব্দগুলো থাকলে এবং not/no এর পরে Plural number এর Noun না থাকলে যত বড় Subject ই হোক না কেন পুরো Subject কে একটি টেনিস বলের মত বা এক টুকরো it এর মত মনে করতে হবে অর্থাৎ It এর মত Singular ধরতে হবে। যেমন–

1. **Each of the boys (be) present.**
=> Each of the boys <u>is</u> present.
2. **Each boy and each girl (be) present**
=> Each boy and each girl <u>is</u> present.

**Exercise :** [এ rule টি Banishing Art অথবা Squeezing the World into a Ball এর যে কোনটি দিয়ে করা যাবে। Exercise আগে Banishing Art এর মধ্যে দেয়া হয়েছে।]

❖ **Squeezing - 2 :** (a) যে কোন Clause, (b) Infinitive (to + Verb) যেমন {(to do) (+ Extension)}, (c) Gerund বা Verb+ing {(doing) + (Extension)} বাক্যের sub হলে সেগুলোকে এক একটি it মনে করতে হবে। অর্থাৎ verb Singular বসাতে হবে।

1. **Swimming (be) a good exercise.**
<u>=> Swimming</u> is a good exercise. (Gerund)
2. **To help the poor (be) a great virtue.**
=> <u>To help the poor</u> is a great virtue. (Infinitive)
3. **That they are honest men (be) known to all.**
=> <u>That they are honest men</u> is known to all. (Clause)

• **তবে এগুলো কয়েকটি and দ্বারা যুক্ত হলে সেগুলোকে আবার Plural ধরতে হবে। যেমন–**
<u>Swimming and walking</u> are not the same.

**Exercise :**
1. Learning English (be) like riding a bicycle.
2. To earn money (be) not so easy.
3. What is a game to the cat (be) a death to the mouse.
4. That poor people are the most deprived (be) known to all.
5. Teaching the students in an unconventional but easier way (be) my motto.

**Answer :** (1) is (2) is (3) is (4) is (5) is

❖ **Squeezing - 3 :** অবিচ্ছেদ্য একটি সমষ্টি হিসেবে সময়, দুরত্ব, বয়স, টাকা, পরিমাণ ইত্যাদি Plural হলেও verb-Singular হবে। যেমন–

**Fifty miles (be) a long distance.**
=> Fifty miles <u>is</u> a long distance.
এখন প্রশ্ন হলো, Fifty miles শব্দটি Plural হওয়া সত্ত্বেও verb কেন Singular হবে? ধরুন, মৌলভীবাজার থেকে সিলেটের দূরত্ব Fifty miles. কিন্তু মৌলভীবাজার থেকে কেবল একটিমাত্র রাস্তা ধরে ৫০ মাইল গেলেই আপনি সিলেটে পৌঁছাবেন। আপনি যদি ৫০ দিকে ১ মাইল ১ মাইল করে ৫০ মাইল ভ্রমণ করেন, আপনি কখনো সিলেটে পৌঁছাতে পারবেন না। অথবা ধরুন, একটা ছেলের বয়স ১২ বছর। এখন ছেলেটাকে কেটে ১২ টুকরো করলে কিন্তু ১২টি এক বছরের বাচ্চা পাওয়া যাবে না। কারণ ১২ বছর তার মধ্যে এক সাথেই আছে। তাই এই ধরনের শব্দগুলো Plural হলেও সেগুলোকে Singular মনে করতে হবে। ঠিক পৃথিবীকে বলে পরিণত করার মত।

**Exercise :**
1. Twenty years (be) Kamal's age.
2. Thirty thousand taka (have) been spent for this purpose.
3. Fifty minutes (be) the duration of a class.

**Answer : (**1) is (2) has (3) is

# Lesson 1.3 — Verb এর গঠন

1. আমরা জানি,
   - Verb দুই প্রকার : Finite Verb (সমাপিকা ক্রিয়া) এবং Non-finite Verb (অসমাপিকা ক্রিয়া)।
   - একটি Subject এর একটিই Finite Verb (সমাপিকা ক্রিয়া) থাকে। যে Verb-টি Tense ও Voice এর গঠন ঠিক রেখে তৈরি হবে সেটাই Finite Verb হবে।
   - আর Subject এর সাথে Related অন্য Verb-টি বা Verb-গুলো হবে Non-finite Verb (অসমাপিকা ক্রিয়া)।

   **Non-finite Verb কে অবস্থার চাহিদা অনুযায়ী নিম্নলিখিত প্রক্রিয়ার মধ্যে উপযুক্ত প্রক্রিয়ায় পরিবর্তন করে বসাতে হবে–**

   a. Verb+ing : <u>Going</u> home, I will take rest.
   b. Verb এর Past Participle : <u>Deprived</u> of his right, he left the village.
   c. To + Verb এর Base Form : <u>To prosper</u> in life, you have to work hard.
   d. To উহ্য ধরে Verb এর Base Form : I helped him <u>do</u> the work.

   Non-finite Verb এর আলোচনা পরবর্তীতে (Lesson 1.5 এ) আসছে।

2. **একটি Verb এর কয়েকটি Form হতে পারে। যথা–**

   to be/be = am, is, are, was, were, be, being, been, to be
   to have/have = have, has, had($V_2$), had($V_3$), having, to have
   to do/do = do, did, done, does, doing, to do
   to eat/eat = eat, ate, eaten, eats, eating, to eat
   to go/go = go, went, gone, goes, going, to go

3. **এছাড়া মূল Verb এর পাশাপাশি তার পূর্বে অবস্থার চাহিদা অনুযায়ী Auxiliary Verb যোগ হতে পারে।**

# Lesson 1.3(a) — Finite Verb/Tense এর গঠন

**যে Verb, Tense ও Voice এর গঠন ঠিক রেখে তৈরি হয়, সেটাই Finite Verb (সমাপিকা ক্রিয়া)।**

**সাধারণভাবে আমরা Tense এর যে গঠন শিখি, সেগুলো একই সাথে Active Voice এর-ও গঠন। আর Passive Voice গঠন করতে হলে দু'টি অতিরিক্ত কাজ করতে হয়।**

**প্রচলিত গ্রামারে শিক্ষার্থীরা Voice বললেই কেবল চিন্তা করে Active Voice কে Passive Voice এ রূপান্তরিত করা; অথবা Passive Voice কে Active Voice এ রূপান্তরিত করা। অথচ এর চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ হচ্ছে সরাসরি Active ও Passive ব্যবহারে দক্ষতা অর্জন করা।**

**এ Lesson এ আমরা খুব সহজ পদ্ধতিতে Tense ও Voice এর Structure শিখব। তার পরের দুটি Lesson এ কখন কোন Voice এবং কখন কোন Tense ব্যবহার করতে হয়, তা নির্ণয়ের পদ্ধতি নিয়ে আলোচনা করব।**

❖ **Tense ও Voice এর Structure:**

1. **Indefinite Tense মানে সাধারণ Tense, তাই তার গঠনও সাধারণ।**

   Subject + Present Form = Present Indefinite Tense. যেমন– I do the work.

   Subject + Past Form = Past Indefinite Tense. যেমন– I did the work.

   Subject + shall/will + Verb এর Base Form = Future Indefinite Tense. যেমন– I will do the work.

2. **Subject- Third Person, Singular Number হলে Present Indefinite Tense এ Verb এর সাথে s/es যোগ হবে। যথা–**

   **He/She/It (do) the work.**
   He/She/It does the work.
   কিন্তু I/We/You/They do the work.
   অতএব, s/es যোগ করার জন্য শর্ত ২টি। যথা–
   (i) Subject-Third Person, Singular Number হবে।
   (ii) Tense-Present Indefinite Tense হবে।

3. **Continuous Tense গঠনের জন্য উপাদান ২টি। যথা–**

   **(i) Sub এর পর 'be' verb বসবে।**

   **'be' verb = am, is, are > Present Continuous**
   **was, were > Past Continuous**
   **shall/will be > Future Continuous**

**(ii) মূল Verb এর সাথে ing যোগ হবে। যেমন–**
**I am (eat) rice.**
→ I am eating rice.
**He was (play) football.**
→ He was playing football.
**He will be (go) there.**
→ He will be going there.
তাই He **is** honest. → Present Indefinite Tense (Subject + Present Form)
The bird **flying** in the sky looks beautiful.
এখানে flying দিয়ে কোনো Tense গঠিত হচ্ছে না। তাই এটি Non-finite Verb. Tense অনুযায়ী Verb হচ্ছে looks যা Present Indefinite Tense.
অতএব, শুধু be verb অথবা শুধু Verb + ing দেখলেই Continuous ধারণা করা যাবে না।

4. **Perfect Tense গঠনের জন্য উপাদান ২টি। যথা–**
**(i) Sub এর পর 'have' verb বসবে।**
**'Have' Verb = Have/ Has > Present Perfect**
**Had > Past Perfect**
**Shall/will have > Future Perfect**
**(ii) মূল Verb এর Past Participle বসবে। যেমন–**
**I have (eat) rice.**
→ I have eaten rice.
**He has (play) football.**
→ He has played football.
**He had (reach) there.**
→ He had reached there.
**He will have (go) there.**
→ He will have gone there.
তাই He **has** a book. → Present Indefinite Tense
The boy **beaten** by them was innocent. এখানে beaten দিয়ে কোনো Tense গঠিত হচ্ছে না, বরং এটা Non-finite Verb. Tense অনুযায়ী Verb হচ্ছে was যা Past Indefinite Tense.
অতএব, শুধু have verb অথবা শুধু Verb এর Past Participle দেখলেই Perfect Tense ধারণা করা যাবে না।

5. **Perfect Continuous Tense গঠনের জন্য উপাদান ৩টি। যথা–**
**(i) Sub এর পর have verb বসবে।**
**Have Verb = Have/Has > Present Perfect**
**Had > Past Perfect**
**Shall have/will have > Future Perfect**
**(ii) been**
**(iii) Verb + ing**
**I have been (eat) rice.**
→ I have been eating rice.
**He has been (play) football.**
→ He has been playing football.
**It had been (rain).**
→ It had been raining.
**He will have been (go) there.**
→ He will have been going there.

6. **Passive Voice গঠনের জন্য উপাদান ২টি। যথা–**
**(i) Sub এর পর 'be' verb বসবে।**
**'be' verb = am, is, are, was, were, be, being, been**
**(ii) মূল Verb এর Past Participle বসবে। যেমন–**
**Rice is (eat).**
→ Rice is eaten.
**They are being (deprive).**
→ They are being deprived.
**Football has been (play).**
→ Football has been played.

7. **উপরের শর্তগুলোর আলোকে বলা যায়, কোন Verb এর আগে 'be' Verb থাকলে ২টি ধাপে কাজ করতে হবে।**
**(i) Active/Passive নির্ণয় করা।**
**(ii) (a) Active Voice এ 'be' Verb এরপর মূল Verb এর সাথে ing যোগ হয়। যেমন–**
**I am (go).**
→ I am going.
**I was (eat).**
→ I was eating.
**I will be (go).**
→ I will be going.
**(b) Passive Voice এ 'be' Verb এর পর মূল Verb এর Past Participle বসে। যেমন–**
**I was (help).**
→ I was helped.
**They were (punish).**
→They were punished.

8. **Have/has/had/having/being এর পর Verb এর Past Participle বসে। যেমন–**
I have done. (আমি করেছি)
He has done. (সে করেছে)
I had done. (আমি করেছিলাম)
Having eaten rice (ভাত খেয়ে)
Being tired (ক্লান্ত হয়ে)

9. **Passive Voice হলে have/has/had/having এর পর been বসবে। তারপর মূল Verb এর Past Participle বসবে। যেমন–**
**The work has (do)**
→ The work has been done. (কাজটা করা হয়েছে)
**I have been (beat).**
→ I have been beaten. (আমাকে প্রহার করা হয়েছে)

**10. Have been থাকলে ২টি ধাপে কাজ করতে হবে।**
**(i) Active/Passive নির্ণয় করা।**
**(ii) (a) have been এরপর Active Voice এ মূল Verb এর সাথে ing যোগ হবে (Perfect Continuous Tense)। যেমন–**
**I have been (do).**
→ I have been doing.
**I had been (eat).**
→ I had been eating.
**I will have been (go).**
→ I will have been going.
**(b) have been এর পর Passive Voice এ মূল Verb এর Past Participle বসে (Perfect Tense)। যেমন–**
**I have been (help).**
→ I have been helped.
**They had been (punish).**
→ They had been punished.

## Indefinite Tense

| Present Indefinite | | Past Indefinite | | Future Indefinite | |
|---|---|---|---|---|---|
| I do. | আমি করি | I did. | আমি করেছিলাম/করলাম | I shall/ will do. | আমি করব |
| We do. | আমরা করি | We did. | আমরা করেছিলাম/করলাম | We shall/ will do. | আমরা করব |
| You do. | তুমি কর | You did. | তুমি করেছিলে/করলে | You will do. | তুমি করবে |
| You do. | তোমরা কর | You did. | তোমরা করেছিলে/করলে | You will do. | তোমরা করবে |
| He does. | সে করে | He did. | সে করেছিল/করল | He will do. | সে করবে |
| She does. | সে করে | She did. | সে করেছিল/করল | She will do. | সে করবে |
| They do. | তারা করে | They did. | তারা করেছিল/করল | They will do. | তারা করবে |
| It does. | এটা করে | It did. | এটা করেছিল/করল | It will do. | এটা করবে |
| They do. | এগুলো করে | They did. | এগুলো করেছিল/করল | They will do. | এগুলো করবে |

## Continuous Tense

| Present Continuous | | Past Continuous | | Future Continuous | |
|---|---|---|---|---|---|
| I am doing | আমি করছি | I was doing | আমি করছিলাম | I shall be doing/ I will be doing | আমি করতে থাকব |
| We are doing | আমরা করছি | We were doing | আমরা করছিলাম | We shall be doing/ We will be doing | আমরা করতে থাকব |
| You are doing | তুমি করছ | You were doing | তুমি করছিলে | You will be doing | তুমি করতে থাকবে |
| You are doing | তোমরা করছ | You were doing | তোমরা করছিলে | You will be doing | তোমরা করতে থাকবে |
| He is doing | সে করছে | He was doing | সে করছিল | He will be doing | সে করতে থাকবে |
| She is doing | সে করছে | She was doing | সে করছিল | She will be doing | সে করতে থাকবে |
| They are doing | তারা করছে | They were doing | তারা করছিল | They will be doing | তারা করতে থাকবে |
| It is doing | এটা করছে | It was doing | এটা করছিল | It will be doing | এটা করতে থাকবে |
| They are doing | এগুলো করছে | They were doing | এগুলো করছিল | They will be doing | এগুলো করতে থাকবে |

## Perfect Tense

| Present Perfect Tense | | Past Perfect Tense | | Future Perfect Tense | |
|---|---|---|---|---|---|
| I have done. | আমি করেছি | I had done. | আমি করেছিলাম/করলাম | I shall have done. | আমি করবো/ করে থাকব |
| We have done. | আমরা করেছি | We had done. | আমরা করেছিলাম/করলাম | We shall have done. | আমরা করবো/করে থাকব |

| Present Perfect Tense | | Past Perfect Tense | | Future Perfect Tense | |
|---|---|---|---|---|---|
| You have done (singular). | তুমি করেছো | You had done (singular). | তুমি করেছিলে/করলে | You will have done (singular). | তুমি করবে/ করে থাকবে |
| You have done (plural). | তোমরা করেছো | You had done (plural). | তোমরা করেছিলে/করলে | You will have done (plural). | তোমরা করবে/ করে থাকবে |
| He has done. | সে করেছে | He had done. | সে করেছিল/করল | He will have done. | সে করবে/ করে থাকবে |
| She has done. | সে করেছে | She had done. | সে করেছিল/করল | She will have done. | সে করবে/ করে থাকবে |
| They have done. | তারা করেছে | They had done. | তারা করেছিল/ করল | They will have done. | তারা করবে/ করে থাকবে |
| It has done. | এটা করেছে | It had done. | এটা করেছিল/করল | It will have done. | এটা করবে/ করে থাকবে |
| They have done. | এগুলো করেছে | They had done. | এগুলো করেছিল/করল | They will have done. | এগুলো করবে/ করে থাকবে |

## Perfect Continuous Tense

| Present Perfect Continuous Tense | | Past Perfect Continuous Tense | | Future Perfect Continuous Tense | |
|---|---|---|---|---|---|
| I have been doing. | আমি করছি/ করে আসছি | I had been doing. | আমি করছিলাম/ করে আসছিলাম | I shall have been doing. | আমি করতে থাকবো |
| We have been doing. | আমরা করছি/ করে আসছি | We had been doing. | আমরা করছিলাম/ করে আসছিলাম | We shall have been doing. | আমরা করতে থাকবো |
| You have been doing (singular). | তুমি করছো/ করে আসছো | You had been doing (singular). | তুমি করছিলে/ করে আসছিলে | You will have been doing (singular). | তুমি করতে থাকবে |
| You have been doing (plural). | তোমরা করছো/ করে আসছো | You had been doing (plural). | তোমরা করছিলে/ করে আসছিলে | You will have been doing (plural). | তোমরা করতে থাকবে |
| He has been doing. | সে করছে/ করে আসছে | He had been doing. | সে করছিল/ করে আসছিল | He will have been doing. | সে করতে থাকবে |
| She has been doing. | সে করছে/ করে আসছে | She had been doing. | সে করছিল/ করে আসছিল | She will have been doing. | সে করতে থাকবে |
| They have been doing. | তারা করছে/ করে আসছে | They had been doing. | তারা করছিল/ করে আসছিল | They will have been doing. | তারা করতে থাকবে |
| It has been doing. | এটা করছে/ করে আসছে | It had been doing. | এটা করছিল/ করে আসছিল | It will have been doing. | এটা করতে থাকবে |
| They have been doing. | এগুলো করছে/ করে আসছে | They had been doing. | এগুলো করছিল/ করে আসছিল | They will have been doing. | এগুলো করতে থাকবে |

## 12 Tenses Together

| | | | | | |
|---|---|---|---|---|---|
| I do. | আমি করি | I did. | আমি করেছিলাম/ আমি করলাম | I shall do/ I will do. | আমি করব |
| I am doing | আমি করছি | I was doing | আমি করছিলাম | I shall/will be doing. | আমি করতে থাকব |
| I have done. | আমি করেছি | I had done. | আমি করেছিলাম/ আমি করলাম | I shall/will have done. | আমি করবো/ আমি করে থাকব |
| I have been doing. | আমি করছি/ আমি করে আসছি | I had been doing. | আমি করছিলাম/ আমি করে আসছিলাম | I shall/will have been doing. | আমি করতে থাকবো |

## Active & Passive Forms in 12 Tenses

| Sentence (Active) | Bangla Translation | Passive Form | Bangla Translation (Passive) |
|---|---|---|---|
| I do it. | আমি এটা করি। | It is done by me. | এটা আমার দ্বারা করা হয়। |
| I did it. | আমি এটা করলাম/ করেছিলাম। | It was done by me. | এটা আমার দ্বারা করা হয়েছিল। |
| I shall/will do it. | আমি এটা করব। | It will be done by me. | এটা আমার দ্বারা করা হবে। |
| I am doing it. | আমি এটা করছি। | It is being done by me. | এটা আমার দ্বারা করা হচ্ছে। |
| I was doing it. | আমি এটা করলাম/করছিলাম। | It was being done by me. | এটা আমার দ্বারা করা হচ্ছিল। |
| I shall be doing it / I will be doing it. | আমি এটা করতে থাকব। | It will be being done by me. | এটা আমার দ্বারা করা হতে থাকবে। |
| I have done it. | আমি এটা করেছি। | It has been done by me. | এটা আমার দ্বারা করা হয়েছে। |
| I had done it. | আমি এটা করেছিলাম। | It had been done by me. | এটা আমার দ্বারা করা হয়েছিল। |
| I shall have done it. | আমি এটা করে ফেলব। | It will have been done by me. | এটা আমার দ্বারা করা হয়ে যাবে। |
| I have been doing it. | আমি এটা করে আসছি। | It has been being done by me. | এটা আমার দ্বারা করা হয়ে আসছে। |
| I had been doing it. | আমি এটা করে আসছিলাম। | It had been being done by me. | এটা আমার দ্বারা করা হয়ে আসছিল। |
| I shall have been doing it. | আমি এটা করতে থাকব। | It will have been being done by me. | এটা আমার দ্বারা করা হতে থাকবে। |

এবার 'do' এবং 'করা' এর জায়গায় eat, think, make, write, open ইত্যাদি বিভিন্ন Verb ব্যবহার করে সবগুলো Table Practice করুন এবং বাংলায় ক্রিয়ার রূপ কী রকম হয় পর্যবেক্ষণ করুন। Tense, Voice, বাংলা থেকে ইংরেজি, ইংরেজি থেকে বাংলা অনুবাদ বেশি করে চর্চা করুন।

## Lesson 1.3(b) — Active Voice ও Passive Voice নির্ণয়ের পদ্ধতি

a) **Subject যদি নিজে কাজ করে, তাহলে তাকে Active Voice বলে। আর যদি Subject এর উপর অন্যের কাজ এসে পতিত হয়, তাহলে সেটিকে Passive Voice বলে।**

b) **যে Verb এর অর্থের মধ্যে "করা" লাগানো থাকে, সেটি যদি "করা" অর্থেই ব্যবহৃত হয়, তাহলে সেটা Active Voice হবে; আর যদি সে Verb-টি "হওয়া" অর্থে ব্যবহৃত হয়, তাহলে সে বাক্যটি Passive Voice হবে। যেমন– Pollute = দূষিত করা, beat = প্রহার করা, help = সাহায্য করা।**

১. **মানুষ পানি দূষিত করে।**
Man pollutes water. (Active)

২. **পানি দূষিত হয়।**
Water is polluted. (Passive)

৩. **সে কামালকে প্রহার করেছিল।**
He beat Kamal. (Active)

৪. **কামালকে প্রহার করা হয়েছিল।**
Kamal was beaten. (Passive)

৫. আমি তাকে সাহায্য করেছি।
I have helped him. (Active)
৬. তাকে সাহায্য করা হয়েছে/সে সাহায্যপ্রাপ্ত হয়েছে।
He has been helped. (Passive)

**c) যে Verb এর অর্থের মধ্যে "দেওয়া" লাগানো থাকে, সেটি যদি "দেওয়া" অর্থেই ব্যবহৃত হয়, তাহলে সেটা Active Voice হবে। আর যদি Verbটি "পাওয়া" অর্থে ব্যবহৃত হয়, তাহলে সে বাক্যটি Passive Voice হবে। যেমন– Punish = শাস্তি দেওয়া, help= সাহায্য দেওয়া (/করা)।**

**১. আমি তাকে শাস্তি দিলাম।**
I punished him. (Active)
**২. সে শাস্তি পেল।**
He was punished. (Passive)
**৩. আমি তাকে সহায়তা দিয়েছি।**
I have assisted/helped him. (Active)
**৪. সে সহায়তা পেয়েছে।**
He has been assisted/helped. (Passive)

- **Note:** এখানে Active to Passive Transformation করা হয় নি, বরং বাংলা ও ইংরেজির মধ্যে Active ও Passive Voice এর গঠন নিয়ে আলোচনা করা হয়েছে। এভাবে মনে রাখলে আপনি সহজে বাক্য লিখার সময় সচেতন হতে পারবেন, বাক্যটি কোন Voice এ লিখবেন।

❖ **কখনো Passive Voice হয় না :**

**d) যে Verb এর মূল অর্থের মধ্যেই "হওয়া" লাগানো থাকে, তার কখনো Passive Voice হয় না। যেমন–**
Vanish = উধাও হওয়া, become = হওয়া, occur = সংঘটিত হওয়া happen = সংঘটিত হওয়া, resemble = সদৃশ হওয়া ইত্যাদি।

**১. একটি দুর্ঘটনা সংঘটিত হলো।**
Inc : An accident was occurred.
Cor: An accident occurred.
**২. যাদুকর আমাদের দৃষ্টি থেকে উধাও হয়ে গেল।**
Inc : The magician was vanished from our sight.
Cor: The magician vanished from our sight.

**e) যে Verb এর কাজ শুধু নিজে নিজে সম্পন্ন করা হয়, কাজটি অন্যের উপর পতিত হয় না, সেটা কখনো Passive Voice হয় না। যেমন–** go = যাওয়া, die = মারা যাওয়া ইত্যাদি।

**১. লোকটি ঢাকায় গেল।**
Inc : The man was gone to Dhaka.
Cor: The man went to Dhaka.
**২. গতকাল তার বাবা মারা গেছেন।**
Inc : His father was died yesterday.
Cor: His father died yesterday.

- **Note :** (a), (b) ও (c) তে বর্ণিত Verb গুলো হচ্ছে Transitive Verb, আর (d) ও (e) তে বর্ণিত Verb গুলো হচ্ছে Intransitive Verb। Transitive Verb – Active বা Passive যে কোনোটি হতে পারে। Intransitive Verb সর্বদা Active Voice হয়।

❖ **Identify whether the sentences are right or wrong. If wrong, correct them.**

1. The man killed by his enemy.
2. The man was died.
3. The boys are playing football.
4. The poor people were depriving.
5. He has bought a new book.

**Solutions:**

1. **Wrong. Correct :** *The man was killed by his enemy.*
2. **Wrong. Correct :** *The man died.* or *The man has died.*
3. **Right.**
4. **Wrong. Correct :** *The poor people were being deprived.* or *The poor people were deprived.*
5. **Right.**

❖ **Identify Tense & Voice, then translate them into English:**

১. সে মার খেল।
২. ১৭৫৭ সালে সিরাজ উদ্দৌলা নিহত হয়েছিলেন।
৩. তার আর্থিক অবস্থা বিচার করে, আমার তাকে সাহায্য করা উচিৎ।
৪. অবশেষে, সে তার অপকর্মের জন্য শাস্তি পেল।
৫. তাকে হত্যা করা হল।
৬. মানুষ পানি দূষিত করে।
৭. গতকাল একটি মারাত্মক দুর্ঘটনা ঘটেছে।
৮. মেন্ডেলা নোবেল পুরস্কার পেয়েছিলেন।
৯. পানি দূষিত হয়।
১০. সে কামালকে প্রহার করেছিল।
১১. সে কোথায় উধাও হয়েছে?

**Solutions:**

1. **Tense**: Past Indefinite, **Voice**: Passive
**Translation**: *He was beaten.*
2. **Tense**: Past Indefinite, **Voice**: Passive
**Translation**: *Siraj-ud-Daulah was killed in 1757.*
3. **Tense**: Present Indefinite with Modal, **Voice**: Active
**Translation**: *Considering his financial condition, I should help him.*
4. **Tense**: Past Indefinite, **Voice**: Passive
**Translation**: *At last, he was punished for his misdeeds.*
5. **Tense**: Past Indefinite, **Voice**: Passive
**Translation**: *He was murdered/killed.*

6. **Tense**: Present Indefinite, **Voice**: Active
**Translation**: *Man pollutes water.*
7. **Tense**: Past Indefinite, **Voice**: Active
**Translation**: *A terrible accident happened yesterday.*
8. **Tense**: Past Indefinite **Voice**: Active/Passive
**Translation**: *Mandella won the Nobel Prize./Mandella was awarded the Nobel Prize.*
9. **Tense**: Past Indefinite, **Voice**: Active
**Translation**: *Water is polluted.*
10. **Tense**: Past Indefinite, **Voice**: Active
**Translation**: *He beat Kamal.*
11. **Tense**: Present Perfect, **Voice**: Active
**Translation**: *Where has he vanished?*

❖ **Use the right form of Verb:**

1. The tiger (call) the king of beasts.
2. The man (die) last night.
3. A football match (arrange) between them.
4. Lately, he (go) abroad.
5. On Saturday, we (reach) there in time.
6. The poor (suffer) a lot.
7. The terrorists (beat) him mercilessly.
8. A book (buy) to learn English.
9. The mariner (punish) because of his killing the bird.
10. The magician (vanish) from our sight.

**Solutions:**

1. The tiger **is called** the king of beasts.
2. The man **died** last night.
3. A football match **has been arranged** between them.
4. Lately, he **has gone** abroad.
5. On Saturday, we **reached** there in time.
6. The poor **suffer** a lot.
7. The terrorists **beat** him mercilessly.
8. A book **has been bought** to learn English.
9. The mariner **was punished** because of his killing the bird.
The magician **has vanished** from our sight.

## Lesson 1.3(c) — Tense নির্ণয় : কখন কোন Tense ব্যবহৃত হবে

❖ **Right Form of Verb এ Tense গুলো ব্যবহার করতে হবে ৩টি বিষয়ের দিকে লক্ষ্য রেখে ঃ –**

১. অর্থ
২. বাক্যে Adverb of Time এর ব্যবহার
৩. বাক্যে Conjunction এর ব্যবহার

উল্লেখ্য, Tense এর Structure এর আলোচনা Lesson-1.3 (a)-তে 'Finite Verb/Tense এর গঠন' শিরোনামে আলোচিত হয়েছে। এখানে আমরা অর্থ অনুযায়ী এবং Adverb of Time অনুযায়ী সঠিকভাবে শুধু Tense নির্ণয় করতে শিখব। আর বাক্যে Conjunction এর ব্যবহারের কারণে কখন কোন Tense ব্যবহৃত হয় সেগুলো নিয়ে আমরা Lesson -1.4 এ আলোচনা করব।

## ১. অর্থ অনুযায়ী Tense এর ব্যবহার

আমরা বাঙালি। আমাদের চিন্তা, চেতনা সবকিছুতে আছে বাংলা। ইংরেজি শেখার ক্ষেত্রে বাংলা আমাদের অনেক সাহায্য করে। আবার সঠিকভাবে বাংলা ও ইংরেজির সমন্বয় না হলে, বাংলায় চিন্তা করার কারণে অনেক ভুল আমরা করে থাকি। এ Lesson টি পড়লে আপনার বাংলা ও ইংরেজির মধ্যে এক অসাধারণ সমন্বয় তৈরি হবে। যারা বলে ইংরেজি ভালোভাবে শিখতে হলে আপনাকে ইংরেজিতেই শুধু চিন্তা করতে হবে, তাদেরকে আপনি বুঝিয়ে দিবেন বাংলায় চিন্তা করেও ইংরেজি শুদ্ধ করে বলা ও লেখা যায়। তবে, ইংরেজিতেও চিন্তা করবেন, তবে সেটা আপনার ভাষাগত দক্ষতা অনেকটা Develop হওয়ার পরে।

❖ **বাংলা বাক্যের গঠন অনুযায়ী ইংরেজি ১২ টি Tense কে আমরা মোটামুটি ৪ ভাগে ভাগ করতে পারি। যথা–**

১. চলমান
২. শেষ বা যা অতীতে ঘটেছে
৩. যা ভবিষ্যতে ঘটবে
৪. অনির্দিষ্ট বা সচরাচর

1. **চলমান : যে verb টা ব্যবহারের পর আমাদের কল্পনায় ঐ কাজটাই ভেসে উঠে, সেটাকে আমরা চলমান বা Continuous বলতে পারি।**

যেমন কল্পনা করুন এবং দেখুন কাজটা চলমান হিসেবে কল্পনার চোখে ভেসে উঠে কি না:

সে স্কুলে যাচ্ছে/যাচ্ছিল/যেতে থাকবে। (যাওয়াটাই ভেসে উঠছে)

সে স্কুলে গিয়েছিল/গিয়েছে/যাবে। (স্কুল ভেসে উঠছে)

বাংলা অর্থে Continuous এবং Perfect Continuous এর মধ্যে কোন পার্থক্য নেই।

তাই সবগুলোকেই আমরা চলমান বলতে পারি।

ইংরেজি ব্যবহার করার সময় শুধু খেয়াল করতে হবে কাজটি শুধু চলমান না পূর্ব থেকে চলমান।

**তাই চলমান Tense প্রথমত ২ প্রকার। যথা–**

1. শুধু চলমান বা Continuous
2. পূর্ব থেকে চলমান বা Perfect Continuous

**প্রতিটি আবার ৩ প্রকার। যথা– Present, Past এবং Future. যেমন–**

**শুধু চলমান বা Continuous:**

১. আমি করছি = I am doing.

২. আমি করছিলাম = I was doing.

৩. আমি করতে থাকব = I will be doing.

**পূর্ব থেকে চলমান বা Perfect Continuous:**

১. আমি ২ ঘণ্টা ধরে করছি।
= I have been doing for two hours.

২. আমি ২ ঘন্টা ধরে করছিলাম।
= I had been doing for two hours.

৩. আমি ২ ঘণ্টা ধরে করতে থাকব।
= I will have been doing for two hours.

2. **শেষ বা যা পূর্বে ঘটেছে : শেষ বা যা পূর্বে ঘটেছে এ রকম Tense ৩ প্রকার। যথা–**

১. **নিকটবর্তী অতীত (যার ফলাফল বর্তমান/বিদ্যমান) = Present Perfect : যেমন–**
আমি এসেছি = I have come.
সে এইমাত্র গেল = He has just gone.

২. **সাধারণ বা দূরবর্তী অতীত = Past Indefinite**
সে গতকাল এসেছে/এসেছিল।
= He came yesterday.

৩. **অতীতের অতীত = Past Perfect**
ডাক্তার আসার পূর্বে রোগী মারা গেল।
= The patient had died before the doctor came.

অতীতে ২টি কাজ সংঘটিত হয়েছে: ডাক্তার আসল এবং রোগী মারা গেল। একটি কাজের আগে আরেকটি হয়েছে। ডাক্তার আসল– এটা অতীত (Past Indefinite Tense)। আর রোগী মারা গেল– এটা অতীতের অতীত (Past Perfect Tense)।

**শেষ বা যা পূর্বে ঘটেছে এ রকম Tense এর বাংলা গঠন ৩ ধরনের। যথা–**

১. করেছি, করেছ, করেছে

২. করলাম, করলে, করল

৩. করেছিলাম, করেছিলে, করেছিল

এগুলোর কোনটি থাকলে কোন Tense হবে, তা একটু পরে "কিছু Confusing অর্থ" শিরোনামে আলোচনা করা হয়েছে।

3. **যা ভবিষ্যতে ঘটবে : যা ভবিষ্যতে ঘটবে এ রকম Tense ২ প্রকার। যথা–**

১. **যা সাধারণভাবে ঘটবে (Future Indefinite) যেমন–**
আমি যাব = I will go.
তুমি বলবে = You will say.
সে আসবে = He will come ইত্যাদি।

২. **যা অন্য কাজের পূর্বে বা ভবিষ্যতের কোন সময়ের মধ্যে ঘটবে এ রকম বলা হয় (Future Perfect) : যেমন–**
তুমি আসার আগে আমি চলে যাব।
= I will have gone before you come.
আমি সোমবারের মধ্যে/তিন দিনের মধ্যে সেখানে পৌঁছাব।
= I will have reached there by Monday/ within three days.
কাজটি আমি করে থাকব।
= I will have done the work.

4. **অনির্দিষ্ট বা সচরাচর : যে কাজ সাধারণত, সব সময়, মাঝে মাঝে বা কদাচিৎ ঘটে, সেটা Present Indefinite Tense হবে।**

আমি স্কুলে যাই
= I go to school.
আমি নিয়মিত স্কুলে যাই
= I go to school regularly.
সে ফুটবল খেলে
= He plays football. .
তুমি সবসময় সত্য কথা বল
= You always speak the truth

❖ বাংলায় চিন্তা করলে অর্থ অনুযায়ী নিম্নরূপ Tense ব্যবহৃত হবে (আমি, তুমি, সে, যথাক্রমে Subject ধরে)

| হ্যাঁ-বোধক<br>(যথাক্রমে আমি, তুমি, সে Subject ধরে নিয়ে) | না-বোধক<br>(যথাক্রমে আমি, তুমি, সে Subject ধরে নিয়ে) | Tense এর নাম |
|---|---|---|
